# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 20, 1432 Bangla, April 03, 2026, Friday, No. 90, 56th year

# H I G H L I G H T S

The government has taken a series of austerity & energy-saving measures to address the ongoing energy crisis triggered by the Middle East conflict. [Jago FM: 13]

According to the decisions, government & private offices will now remain open from 9:00am to 4:00pm, while shopping malls & retail shops must close by 6:00pm. [Jago FM: 13]

Bangladesh is set to import 1 lakh tonnes of crude oil from Saudi Arabia through an alternative route to avoid complications in the Strait of Hormuz. [BBC: 03]

The Bangladesh Energy Regulatory Commission has increased the price of liquefied petroleum gas at the consumer level. The price of 12-kg cylinder of LPG jumped to Tk 1,728 from Tk 1,341. [Jago FM: 14]

Bangladesh Energy Regulatory Commission has said the price of cylinder gas has been adjusted due to increase in gas prices in the int'l market & increase in shipping costs. [BBC: 07]

Many energy experts think the increase in LPG prices without a public hearing as arbitrariness on the part of Bangladesh Energy Regulatory Commission. [BBC: 07]

Public health experts say the people of country are now paying the price for the "short sightedness" of the previous interim govt. led by Muhammad Yunus in purchasing vaccines. [BBC: 05]

The 11-party alliance led by Bangladesh Jamaat-e-Islami has announced a protest rally in capital tomorrow demanding implementation of the referendum verdict through constitutional reform. [BBC: 04]

According to Road Safety Foundation, a total of 298 people were killed in 373 road accidents across country from March 14 to 28, during the Eid-ul-Fitr trips. [DW: 10]

China has called for an immediate ceasefire in the Middle East, after US President Donald Trump threatened heavy strikes on Iran in the coming weeks. [BBC: 08]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048**<br>**44813179** | **Assistant News Controller: 44813047**<br>**44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ২০, বাংলা ১৪৩২, এপ্রিল ০৩, ২০২৬, শুক্রবার, নং- ৯০, ৫৬তম বছর**

# শিরোনাম

জ্বালানি সংকট ও বৈশ্বিক পরিস্থিতির প্রেক্ষাপটে ব্যয় সাশ্রয় এবং বিদ্যুৎ-জ্বালানি ব্যবহারে নিয়ন্ত্রণ আনতে একগুচ্ছ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে সরকার। [জাগো এফএম: ১৩]

আগামী রোববার থেকে সরকারি ও বেসরকারি অফিস সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলবে। আজ শুক্রবার থেকে সন্ধ্যা ৬টার পর মার্কেট বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। [জাগো এফএম: ১৩]

হরমুজ প্রণালির জটিলতা এড়াতে বাংলাদেশ বিকল্প পথে সৌদি আরব থেকে ১ লাখ মেট্রিক টন অপরিশোধিত তেল আমদানি করছে। [বিবিসি: ০৩]

ভোক্তা পর্যায়ে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস এলপিজির দাম বাড়িয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন। নতুন নির্ধারিত দামে ১২ কেজির এলপিজি সিলিন্ডার ১৩৪১ টাকা থেকে বেড়ে ১৭২৮ টাকা হয়েছে। [জাগো এফএম: ১৪]

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন বলছে, আন্তর্জাতিক বাজারে গ্যাসের দাম বৃদ্ধি এবং জাহাজে পরিবহণ খরচ বেড়ে যাওয়ার কারণেই সিলিন্ডার গ্যাসের দাম সমন্বয় করা হয়েছে। [বিবিসি: ০৭]

গণশুনানি ছাড়াই এলপিজির দাম বৃদ্ধিকে বিইআরসির সেচ্ছাচারিতা হিসেবেই দেখছেন জ্বালানি বিশেষজ্ঞদের অনেকে। [বিবিসি: ০৭]

জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, টিকা কেনার ক্ষেত্রে মুহাম্মদ ইউনূসের নেতৃত্বের অন্তর্বর্তী সরকারের অদূরদর্শীতার কারণে এখন খেসারত দিতে হচ্ছে দেশের সাধারণ মানুষকে। [বিবিসি: ০৫]

সংবিধান সংস্কারে গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে বিরোধী দল জামায়াতে ইসলামীর নেতৃত্বে ১১ দলীয় জোট সংসদের বাইরে রাজপথে বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে। [বিবিসি: ০৪]

এবার ঈদুল ফিতরের আগে ও পরে ১৫ দিনে বাংলাদেশে ৩৭৩টি সড়ক দুর্ঘটনায় ২৯৮ জন মারা গেছেন বলে জানিয়েছে রোড সেফটি ফাউন্ডেশন। [ডয়চে ভেলে: ১০]

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুমকি দিয়েছেন, আসন্ন কয়েক সপ্তাহে ইরানে বড়ো-সড়ো হামলা চালানো হবে। এরপরই চীন মধ্যপ্রাচ্যে তাৎক্ষণিক যুদ্ধবিরতির আহ্বান জানিয়েছে। [বিবিসি: ০৮]

# বিবিসি

## বিকল্প পথে সৌদি থেকে চট্টগ্রামে আসছে আরও এক লাখ টন তেল

হরমুজ প্রণালির জটিলতা এড়াতে বাংলাদেশ এবার বিকল্প পথে সৌদি আরব থেকে এক লাখ মেট্রিক টন অপরিশোধিত তেল (ক্রুড অয়েল) আমদানি করছে। লোহিত সাগরের কাছাকাছি অবস্থিত সৌদি আরবের ইয়ানবু কমার্সিয়াল পোর্ট থেকে এই তেল লোহিত সাগর হয়ে সরাসরি রাষ্ট্রায়ত্ত তেল শোধনাগার, চট্টগ্রামের ইস্টার্ন রিফাইনারিতে আনা হবে। তেলবাহী ট্যাংকারটি আগামী ২০ এপ্রিল লোড করার কথা রয়েছে। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। এদিকে, বর্তমানে `এমটি নরডিক পলুকস, নামের একটি জাহাজে থাকা এক লাখ মেট্রিক টন ক্রুড অয়েল হরমুজ প্রণালিতে আটকা পড়ে আছে। জাহাজটি বর্তমানে সৌদি আরবের রাস তানুরা বন্দরে অবস্থান করলেও, ইরানের বিশেষ ছাড়পত্র না পাওয়ায় এটি বাংলাদেশে আসতে পারছে না। যদিও ইরান সম্প্রতি বাংলাদেশের ছয়টি জাহাজকে চলাচলের অনুমতি দিয়েছে, তবে এই তেলের জাহাজটি সেই তালিকায় অন্তর্ভুক্ত নয়। বাংলাদেশ শিপিং করপোরেশন (বিএসসি) এর তথ্য অনুযায়ী, আগামী ২০ এপ্রিল সৌদি আরবের ইয়ানবু কমার্সিয়াল পোর্ট থেকে এক লাখ মেট্রিক টন তেল জাহাজে লোড করা হবে। আরও এক লাখ টন তেল নিয়ে হরমুজ প্রণালিতে আটকা পড়ে আছে `এমটি নরডিক পলুকস, নামের জাহাজ। মে মাসের প্রথম সপ্তাহের মধ্যে দুই জাহাজ মিলিয়ে মোট দুই লাখ মেট্রিক টন অপরিশোধিত তেল চট্টগ্রাম বন্দরে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে। পরে এসব তেল রাষ্ট্রায়ত্ত ইস্টার্ন রিফাইনারিতে পরিশোধন করে বাজারজাত করা হবে। এতে চলমান সংকট অনেকটাই লাঘব হবে বলে আশা করছে বিএসসি।
(বিবিসি ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ এলিনা)

## বিদ্যুৎ সাশ্রয়ে রাত ৮টার মধ্যে দোকান, শপিংমল বন্ধের সিদ্ধান্ত

বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করার লক্ষ্যে ঢাকাসহ সারা দেশের সকল দোকান, বাণিজ্য বিতান ও শপিংমল রাত ৮টার মধ্যে বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতি। আজ বৃহস্পতিবার সংগঠনের সভাপতি নাজমুল হাসান মাহমুদ ও সাধারণ সম্পাদক আরিফুর রহমান টিপু স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্তের কথা জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, "বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতি ও ঢাকা মহানগর দোকান ব্যবসায়ী মালিক সমিতির স্ট্যান্ডিং কমিটির যৌথসভায় আন্তর্জাতিক জ্বালানি সংকটের কারণে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে এ সরকারকে সহযোগিতা করার সিদ্ধান্ত হয়েছে। সেজন্য ঢাকাসহ বাংলাদেশের সকল দোকান, বাণিজ্য বিতান এবং শপিংমল সন্ধ্যা ৮ ঘটিকার মধ্যে বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।„ তবে হোটেল, ফার্মেসি, জরুরি প্রয়োজনীয় সেবার দোকান ও কাঁচাবাজারকে এ নিয়মের বাইরে রাখা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ এলিনা)

## বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত আরও ২৬ শিশু

গত ২৪ ঘণ্টায়, অর্থাৎ ১ এপ্রিল সকাল ৮টা থেকে আজ ২ এপ্রিল সকাল ৮টা পর্যন্ত, নতুন করে আরও ২৬ জন হাম আক্রান্ত রোগী শনাক্ত হয়েছে। এই সময়ের মাঝে কেউ নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেনি। তবে এই সময়সীমার মাঝে সন্দেহজনক হাম রোগে মৃত্যুর সংখ্যা চার এবং সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৬৮৫। এছাড়া, গত ১৫ মার্চ থেকে মোট নিশ্চিত হাম রোগীর সংখ্যা ৫৮৫ ও নিশ্চিত হাম রোগে মৃত্যুর সংখ্যা ১৩। স্বাস্থ্য অধিদপ্তরের আজ বৃহস্পতিবারের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।(বিবিসি ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ এলিনা)

## অস্ট্রেলিয়ার ভিসা বাতিল নিয়ে বিবিসি বাংলাকে যা জানালেন মিজানুর রহমান আজহারী

হিটলারের প্রশংসা ও ইহুদি বিদ্বেষী বক্তব্যের অভিযোগে ভিসা বাতিল করা হয়েছে অস্ট্রেলিয়া সফররত বাংলাদেশি একজন ইসলামি বক্তা মিজানুর রহমান আজহারীর। ভিসা বাতিলের বিষয়টি বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন মি. রহমান, জানিয়েছেন দেশে ফেরার প্রস্তুতি নিচ্ছেন তিনি।

### অস্ট্রেলিয়া সফর

মিজানুর রহমান আজহারী গত ২৮ মার্চ অস্ট্রেলিয়ায় পৌঁছান। তার এই সফরের উদ্দেশ্য ছিল বিভিন্ন কমিউনিটি আয়োজিত ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে অংশ নেওয়া এবং বক্তব্য দেওয়া। সফরের প্রথম কয়েকদিন তিনি সেখানে অবস্থান করলেও, কোনো আনুষ্ঠানিক জনসভায় বক্তব্য দেননি বলে জানিয়েছেন। বিবিসি বাংলাকে তিনি বলেন, তার প্রথম ইভেন্ট হওয়ার কথা থাকলেও, সেটি পরবর্তীতে পুনর্নির্ধারণ করা হয়। অর্থাৎ, সফরের শুরু থেকেই তিনি কার্যত কোনো পাবলিক বক্তব্য দেওয়ার সুযোগ পাননি। তবে এর মধ্যেই তার বিরুদ্ধে অভিযোগ ওঠে এবং প্রশাসনিকভাবে তার ভিসা বাতিল করা হয়।

### ভিসা বাতিল : কী অভিযোগ উঠেছে

মিজানুর রহমান আজহারীর বিরুদ্ধে মূল অভিযোগ, তিনি অতীতে হিটলারের প্রশংসা করেছেন এবং ইহুদিবিদ্বেষী বক্তব্য দিয়েছেন। এই অভিযোগের ভিত্তিতেই অস্ট্রেলিয়ার সরকার তার ভিসা বাতিল করেছে বলে বিভিন্ন গণমাধ্যমে খবর প্রকাশিত হয়েছে। অস্ট্রেলিয়ার ভিসা বাতিলের বিষয়টি তিনি নিজেও বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন এবং দেশে

ফেরার প্রস্তুতি নিচ্ছেন বলে জানিয়েছেন। অস্ট্রেলিয়ান সিনেটর জনাথন ডুনিয়াম তাদের দেশটির পার্লামেন্টে বিষয়টি উত্থাপন করেন। তিনি বলেন, কমিউনিটি গ্রুপগুলোর পক্ষ থেকে আজহারীর উপস্থিতি সম্পর্কে আগেই সিনেটরদের সতর্ক করা হয়েছিল। পরবর্তীতে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক ভিডিও বার্তায়, মিজানুর রহমান আজহারীকে 'ঘৃণামূলক বক্তব্য প্রদানকারী প্রচারক' হিসেবে উল্লেখ করে অস্ট্রেলিয়ার লেবার পার্টির সমালোচনা করে প্রশ্ন তোলেন যে, কীভাবে এমন একজন ব্যক্তিকে ভিসা দেওয়া হলো? তার মতে, শুরুতেই মিজানুর রহমান আজহারীকে অস্ট্রেলিয়ায় প্রবেশের অনুমতি দেওয়া উচিত ছিল না এবং তাকে প্রথম ফ্লাইটেই দেশে ফেরত পাঠানো উচিত ছিল।

**'পুরোনো ভিডিও' নিয়ে বিতর্ক**

অস্ট্রেলিয়ার ভিসা বাতিলের কারণ হিসেবে আনা অভিযোগের জবাবে মিজানুর রহমান আজহারী দাবি করেন, পুরো ঘটনাটি একটি বহু বছর আগের বক্তব্যের খণ্ডিত ভিডিওকে কেন্দ্র করে তৈরি হয়েছে। বিবিসি বাংলাকে তিনি বলেন, "যে ভিডিওটির কথা বলা হচ্ছে, সেটি প্রায় ১৩ বছরের পুরোনো। তখন আমার বয়সও অনেক কম ছিল।„ তার ভাষ্যমতে, ওই ভিডিওটি মূল বক্তব্যের প্রেক্ষাপট থেকে বিচ্ছিন্ন করে (cropped version) উপস্থাপন করা হয়েছে, যা প্রকৃত অর্থ বিকৃত করেছে। তিনি আরও জানান, এই একই ভিডিওর সূত্র ধরে অতীতে যুক্তরাজ্যেও তার প্রবেশে সীমাবদ্ধতা তৈরি হয়েছিল। অর্থাৎ, এটি নতুন কোনো ঘটনা নয়; বরং পুরোনো একটি বিতর্কের পুনরাবৃত্তি।

**যা জানালেন মিজানুর রহমান আজহারী**

মিজানুর রহমান আজহারীর মতে, গণমাধ্যমে এমনভাবে বিষয়টি উপস্থাপন করা হয়েছে, যেন তিনি অস্ট্রেলিয়ায় গিয়ে নতুন করে কোনো বিতর্কিত মন্তব্য করেছেন, যা তথ্যগতভাবে সঠিক নয়। তিনি বলেন, একটি পক্ষ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে রিপোর্ট করার পরই প্রশাসনিকভাবে ভিসা বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়। তাকে 'অ্যান্টি-সেমিটিক' বা ইহুদিবিদ্বেষী হিসেবে উপস্থাপনের প্রচেষ্টাকে সম্পূর্ণ ভুল ও উদ্দেশ্যপ্রণোদিত বলে উল্লেখ করেছেন তিনি। বিবিসি বাংলাকে তিনি বলেন, "ইহুদি বা খ্রিস্টানদের প্রতি আমাদের কেন বিদ্বেষ থাকবে? মানবতার দিক থেকে তারা আমাদের ভাই।„ মিজানুর রহমান আজহারী দাবি করেন, তার বক্তব্য সবসময়ই সাম্প্রদায়িক সম্প্রীতি, শান্তিপূর্ণ সহাবস্থান এবং মানবিক মর্যাদার পক্ষে ছিল। বাংলাদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের অধিকার রক্ষার বিষয়েও তিনি সব সময় সোচ্চার ছিলেন বলে উল্লেখ করেন তিনি। বিশেষ করে, হিন্দু ধর্মাবলম্বীদের নিরাপত্তা ও উপাসনালয়ের সুরক্ষার বিষয়ে তিনি বিভিন্ন সময়ে কথা বলেছেন। মিজানুর রহমান আজহারী তার অবস্থান ব্যাখ্যা করতে গিয়ে বলেন, তার প্রতিবাদ মূলত কোনো ধর্ম বা জাতিগোষ্ঠীর বিরুদ্ধে নয়, বরং নিপীড়ন ও অন্যায়ের বিরুদ্ধে। তিনি উদাহরণ দিয়ে বলেন, নিউ ইয়র্ক বা ওয়াশিংটন ডিসিতে ফিলিস্তিনিদের পক্ষে বিক্ষোভে অনেক ইহুদি ধর্মীয় পণ্ডিত (Rabbis) এবং খ্রিস্টানরাও অংশ নিয়েছেন। তার মতে, যারা ন্যায়ের পক্ষে দাঁড়ান, তারা কখনোই শত্রু হতে পারেন না বলে তিনি বিশ্বাস করেন। তিনি আরও বলেন, যদি ইহুদিদের ওপর কিংবা অস্ট্রেলিয়ার উপরও কোনো অন্যায় আক্রমণ হয়, তিনি সেটির বিরুদ্ধেও কথা বলবেন।

**ভিসা বাতিলে 'স্বার্থান্বেষী মহল'-এর দিকে ইঙ্গিত**

নিজের ভিসা বাতিলের পেছনে কিছু স্বার্থান্বেষী গোষ্ঠীর ভূমিকা রয়েছে বলেও দাবি করেন মিজানুর রহমান আজহারী। তার অভিযোগ, একটি মহল পরিকল্পিতভাবে নেতিবাচক পরিবেশ তৈরি করে প্রশাসনিক সিদ্ধান্তে প্রভাব ফেলেছে। এর আগে, নিজের ভেরিফায়েড ফেসবুক পেজেও তিনি একই ধরনের অভিযোগ তুলে ধরেন। সেখানে তিনি লিখেন, "কিছু নির্দিষ্ট স্বার্থান্বেষী মহল ও নাস্তিক্যবাদী পক্ষ পরিকল্পিতভাবে একজোট হয়ে প্রশাসনিক সিদ্ধান্তে প্রভাব বিস্তার করেছে।„
(বিবিসি ওয়েব পেজ : ০২.০৪.২০২৬ আলী আহমেদ)

## শনিবার ঢাকায় বিক্ষোভ সমাবেশ ডেকেছে জামায়াত জোট

সংবিধান সংস্কারে গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে বিরোধী দল জামায়াতে ইসলামীর নেতৃত্বে ১১ দলীয় জোট সংসদের বাইরে রাজপথে বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে। শনিবার বিকেলে ঢাকায় বায়তুল মোকাররম মসজিদের উত্তর গেটে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করবে এই জোট। আজ বৃহস্পতিবার দুপুরে ১১ দলীয় জোটের লিয়াঁজো কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। সেই বৈঠকের পর জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি হামিদুর রহমান আযাদ সাংবাদিকদের তাদের বিক্ষোভ কর্মসূচির তথ্য জানান। বৈঠকে জামায়াতে ইসলামীর হামিদুর রহমান আযাদের সঙ্গে উপস্থিত ছিলেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্যসচিব আখতার হোসেন, খেলাফত মজলিশের মহাসচিব আহমদ আবদুল কাদের, বাংলাদেশ খেলাফত মজলিশের যুগ্ম-মহাসচিব মওলানা আতাউল্লাহ আমিন, জাতীয় গণতান্ত্রিক পার্টির (জাগপা) মুখপাত্র রাশেদ প্রধান, বাংলাদেশ লেবার পার্টির চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান (ইরান)। প্রসঙ্গত, জুলাই জাতীয় সনদের সংবিধান সম্পর্কিত ৪৮টি সংস্কার প্রস্তাব বাস্তবায়নের বিষয়ে ১২ ফেব্রুয়ারি সংসদ নির্বাচনের দিন হয় গণভোট। সেই ভোটে `হ্যাঁ, জয়ী হয়। রোববার সংসদে বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির শফিকুর রহমান কার্যপ্রণালি-বিধির ৬২ বিধি অনুসারে জনগুরুত্বসম্পন্ন বিষয়ে মুলতবি প্রস্তাব উত্থাপনের নোটিশ দেন।

এই প্রস্তাব নিয়ে মঙ্গলবার সংসদে আলোচনা হলেও, কোনো সিদ্ধান্ত হয়নি। পরদিন জামায়াতের নেতৃত্ব বিরোধী দলের সদস্যরা সংসদ থেকে ওয়াকআউট করেন। এখন এই জোট বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করল।
(বিবিসি ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ এলিনা)

## টিকা কেনা নিয়ে অন্তর্বর্তী সরকারের সময় কী ঘটেছিল?

বাংলাদেশে সরকারিভাবে শিশুদের দেওয়া বিভিন্ন রোগের টিকার যে সংকট দেখা দিয়েছে, সেটির জন্য সাবেক অন্তর্বর্তী সরকারকে দায়ী করছেন অনেকে, অভিযোগকারী মধ্যে ক্ষমতাসীন দল বিএনপির মন্ত্রী ও নেতাদের কেউ কেউ রয়েছেন। হাম আক্রান্ত হয়ে একের পর এক শিশু মৃত্যুর ঘটনায় সাবেক স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগমের দায় রয়েছে মন্তব্য করে ফেসবুকসহ সামাজিক বিভিন্ন যোগাযোগ মাধ্যমে তাকে জবাবদিহিতার আওতায় আনার দাবিও তুলেছেন নাগরিকদের অনেকে। অন্যদিকে, জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, টিকা কেনার ক্ষেত্রে মুহাম্মদ ইউনূসের নেতৃত্বের আগের সরকারের 'অদূরদর্শীতার' কারণে এখন খেসারত দিতে হচ্ছে দেশের সাধারণ মানুষকে। "অন্তর্বর্তী সরকারের সময় টিকা ক্রয়ের সিস্টেমে একটা পরিবর্তন আনার উদ্যোগ নেওয়া হয়। উদ্যোগটি ভালো, কিন্তু সেটি গ্রহণ করা হয়েছে প্রয়োজনীয় পূর্বপ্রস্তুতি ছাড়াই। তাদের এমন অদূরদর্শী পদক্ষেপের ফলে টিকা কার্যক্রম বিঘ্নিত হয়েছে এবং দেশের স্বাস্থ্যখাতে অবধারিতভাবে সেটির নেতিবাচক প্রভাব পড়েছে„ বিবিসি বাংলাকে বলছিলেন বাংলাদেশের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) সাবেক প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. মুশতাক হোসেন। কিন্তু টিকা কেনার ক্ষেত্রে অন্তর্বর্তী সরকার ঠিক কী ধরনের পরিবর্তনের উদ্যোগ নিয়েছিল? সেই উদ্যোগ ঘিরে স্বাস্থ্যখাতে সংকটই-বা তৈরি হলো কীভাবে?

### ক্রয় বিলম্ব ঘিরে টিকা সংকট

স্বাস্থ্যখাতের উন্নয়নে দাতা সংস্থার সহায়তায় ১৯৯৮ সালে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টিখাত কর্মসূচি (এইচপিএনএসপি) চালু করে বাংলাদেশ সরকার। পাঁচ বছর মেয়াদি এই কর্মসূচিটি স্বাস্থ্যখাতের কর্মীদের কাছে 'সেক্টর প্রোগ্রাম' নামে বেশি পরিচিত। এটি বাস্তবায়ন করা হতো অপারেশন প্ল্যান (ওপি) তথা বিষয়ভিত্তিক পরিকল্পনা গ্রহণের মাধ্যমে। এর মাধ্যমে খাদ্য-পুষ্টি, শিশু ও মাতৃ স্বাস্থ্য, সংক্রামক-অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ, টিকাদানসহ স্বাস্থ্যের বিভিন্ন খাতে অর্থ বরাদ্দ, কেনাকাটা, জনবল নিয়োগসহ যাবতীয় কার্যক্রম পরিচালনা করা হতো। সেক্টর প্রোগ্রামের শিশু ও মাতৃ স্বাস্থ্য কার্যক্রমের আওতায় এতদিন সারা দেশে সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) পরিচালিত হতো। এক্ষেত্রে টিকার জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত সরকারি-বেসরকারি অংশীদারিত্ব সংস্থা গ্যাভির আর্থিক সহায়তায় বাংলাদেশ এতদিন টিকা কিনতো ইউনিসেফের মাধ্যমে। "এতে টিকা কিনতে সরকারকে খুব একটা বেগ পেতে হতো না এবং সময়ও তুলনামূলকভাবে কম লাগতো„ বিবিসি বাংলাকে বলছিলেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. হোসেন। কিন্তু দাতানির্ভরতা কমানোর লক্ষ্যে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের আমলে সেক্টর প্রোগ্রাম থেকে ধীরে ধীরে সরে আসার পরিকল্পনা করা হয়। "দাতানির্ভরতা কমানোর পাশাপাশি এটির আরেকটি গুরুত্বপূর্ণ লক্ষ্য ছিল নিজেদের আর্থিক ও কারিগরি সক্ষমতা বাড়িয়ে সেক্টর প্রোগ্রামগুলোকে মেইনস্ট্রিমিং করা বা রাজস্ব খাতের আওতায় আনা„ বিবিসি বাংলাকে বলছিলেন আরেক জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. আহমদ এহসানুর রহমান।

সেক্টর প্রোগ্রাম থেকে সরে আসার ফলে টিকা কেনা বাবদ ইউনিসেফকে দেওয়া অর্থ বেঁচে যাওয়ার পাশাপাশি, অপ্রয়োজনীয় অনেক ব্যয় কমে আসার কথাও জানান এই খাতের সঙ্গে যুক্ত কর্মকর্তারা। ২০২২ সালে চতুর্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টিখাত কর্মসূচি শেষ হওয়ার কথা ছিল। কিন্তু করোনা মহামারিসহ নানান কারণে সেটির মেয়াদ বাড়িয়ে ২০২৪ সালের জুন পর্যন্ত আনা হয়। জুলাই গণ-অভ্যুত্থানে শেখ হাসিনার পতনের পর ক্ষমতায় আসে অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার। এসময় বিভিন্ন খাতে সংস্কার নিয়ে নানান আলোচনার মধ্যে সেক্টর প্রোগ্রাম বন্ধ করে দিয়ে নিজেরা টিকা কেনার সিদ্ধান্ত নেয় সরকার। দফায় দফায় বৈঠক শেষে ২০২৫ সালের মার্চে সেক্টর প্রোগ্রামগুলোকে আনুষ্ঠানিকভাবে বাতিল করা হয়। স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে ইউনিসেফকে বাদ দিয়ে টিকা কেনার পদক্ষেপ নিতে গেলে তাতে প্রশ্ন তোলে অর্থ মন্ত্রণালয়। এ নিয়ে দর কষাকষির এক পর্যায়ে ইউনিসেফকে আবারও টিকা কেনার প্রক্রিয়ায় যুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়। কিন্তু ততদিনে বেশ কয়েক মাস পার হয়ে যায়। এছাড়া অর্থছাড়, হিসাব নিরীক্ষাসহ অন্যান্য কাজে আরও সময় লেগে যায়। এগুলো করতে গিয়ে প্রায় ছয় মাস টিকা কেনা বন্ধ থাকায় ২০২৫ সালের শেষ প্রান্তিকে বিভিন্ন জেলায় শিশুদের টিকার সংকট দেখা দেয়। তখন একাধিকবার টিকাকেন্দ্র গিয়েও শিশুকে টিকা দিতে পারেননি বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন অনেক অভিভাবক। "টিকা ব্যবস্থায় পরিবর্তন আসার ক্ষেত্রে অন্তর্বর্তী সরকারের যথেষ্ট প্রস্তুতি অভাবের কারণে এগুলো ঘটেছে। সেক্টর প্রোগ্রামগুলো হঠাৎ করে বাদ না দিয়ে ধীরে ধীরে পরিকল্পিতভাবে বের হয়ে আসলে টিকা ব্যবস্থা বিঘ্নিত হতো না„ বলেন ডা. হোসেন। সেক্টর প্রোগ্রাম বন্ধ করার কারণে দেশে ম্যালেরিয়া, যক্ষ্মা, এইডসসহ অন্যান্য স্বাস্থ্য কর্মসূচিও বন্ধ রয়েছে। "দ্রুত এ বিষয়ে পদক্ষেপ না নিলে দীর্ঘমেয়াদে স্বাস্থ্যখাতে নতুন আরও অনেক সংকট দেখা দিতে পারে„ বলেন ডা. মুশতাক হোসেন। বিষয়টি নিয়ে বিগত অন্তর্বর্তী সরকারের সাবেক স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগমের সঙ্গে যোগাযোগ করা হলেও কোনো

মন্তব্য পাওয়া যায়নি। তৎকালীন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক ডা. সায়েদুর রহমান, যিনি মূলত স্বাস্থ্য মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেছেন, তার সঙ্গেও যোগাযোগ করে বিবিসি। কিন্তু তিনিও কোনো মন্তব্য করতে রাজি হননি।

**এখন পরিস্থিতি কেমন?**

গত কয়েক সপ্তাহ ধরে ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল, চাঁপাইনবাবগঞ্জ, ময়মনসিংহ, পাবনাসহ আরও কিছু জেলায় শিশুদের মধ্যে হামে আক্রান্ত হওয়ার প্রবণতা বেড়েছে। ছোঁয়াচে এ রোগে ইতোমধ্যে পাঁচ শতাধিক মানুষ আক্রান্ত হয়েছে, যাদের বেশিরভাগই শিশু। এর মধ্যে তিন ডজনেরও বেশি শিশুর মৃত্যু হয়েছে। তবে হামে আক্রান্ত হওয়ার কারণেই এই শিশুদের মৃত্যু হয়েছে কি না, সে বিষয়টি এখনো নিশ্চিত নয় বলে জানিয়েছে স্বাস্থ্য বিভাগ। মূলত হামের দুই ডোজ টিকা না দেওয়া, শিশুদেরকে মায়ের বুকের দুধ ঠিকমতো পান না করানো, প্রয়োজনীয় কৃমিনাশক ঔষধ না খাওয়ানো এবং অপুষ্টির কারণেই নতুন করে হামের এই প্রকোপ শুরু হয়েছে বলে জানাচ্ছেন চিকিৎসক ও স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা। এতদিন শিশুদের বয়স নয় মাস হলে হামের প্রথম ডোজ টিকা দেওয়া হতো। কিন্তু এ বছর নয় মাসের কম বয়সি শিশুদেরও হামে আক্রান্ত হতে দেখা যাচ্ছে। ”সাধারণত নয় মাস পূর্ণ হলে ইপিআই কর্মসূচির আওতায় হামের টিকা পায় শিশুরা। কিন্তু এবার দেখা যাচ্ছে যারা আক্রান্ত, তাদের প্রায় ৩৩ ভাগ এই বয়সের আগেই আক্রান্ত হয়েছে। অর্থাৎ নয় মাসের কম বয়সিদের মধ্যে এই রোগের সংক্রমণ বাড়ছে,„ বিবিসি বাংলাকে বলেছেন স্বাস্থ্য অধিদপ্তরের উপ-পরিচালক ও সম্প্রসারিত টিকাদান কর্মসূচির প্রধান মোহাম্মদ শাহরিয়ার সাজ্জাদ।

সাধারণত সম্প্রসারিত টিকাদান কর্মসূচির আওতায় নয় থেকে ১৫ মাস বয়সি শিশুদের হামের দু'টি টিকা দেওয়া হলেও, এর অতিরিক্ত হিসেবে প্রতি চার বছর পরপর হামের টিকা দেওয়ার যে বিশেষ কর্মসূচি নেওয়া হয়, ২০২৪ সালে তা হয়নি। ”২০২০ সালে করোনা, ২০২৪ সালে রাজনৈতিক পরিস্থিতিসহ বিভিন্ন কারণে হামের টিকাদানের বিশেষ ক্যাম্পেইন হয়নি এবং এরপর চলতি বছরের এপ্রিলে করার কথা থাকলেও সেটি হয়নি,„ বলছিলেন মি. সাজ্জাদ। চলতি বছরের শুরু থেকেই এই রোগটির প্রকোপের সম্ভাবনা প্রকাশ পাচ্ছিল। বিশেষ করে জানুয়ারির শুরুতে কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প ও ঢাকার কিছু বস্তিতে রোগটিতে আক্রান্ত হওয়ার সংখ্যা বাড়ছিল। এরপর চলতি মাসেই রাজশাহী মেডিকেল কলেজে ভেন্টিলেশনসহ আইসিইউ সুবিধার অভাবে বেশকিছু শিশুর মৃত্যুর খবরে অভিভাবকদের মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে। এর মধ্যে বিভিন্ন জেলার সিভিল সার্জনদের দেওয়া তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, হামের টিকা থাকলেও যক্ষ্মা, পোলিও, নিউমোনিয়া, ডিফথেরিয়া, হুপিংকাশি, ধনুষ্টংকারসহ বেশ কয়েকটি রোগের টিকার সংকট রয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরও সংকটের কথা স্বীকার করেছে। ”আমাদের হেডকোয়ার্টারে টিকার যে স্টক, সেটা সন্তোষজনক না। এটাতো আমরা অনেকদিন ধরেই বলছি,„ বলেন স্বাস্থ্য অধিদপ্তরের উপপরিচালক মি. সাজ্জাদ।

**সংকট মোকাবিলায় কী করছে সরকার?**

আগামী জুন মাসের প্রথম সপ্তাহ থেকে এক মাসব্যাপী হামের বিশেষ টিকাদান কর্মসূচি শুরু করার পরিকল্পনা ছিল স্বাস্থ্য মন্ত্রণালয়ের। কিন্তু ইতোমধ্যেই বিভিন্ন জেলায় শিশুদের মধ্যে হঠাৎ সংক্রমণ বেড়ে যাওয়ায় সেটি এগিয়ে এনে আগামী ৫ এপ্রিল জরুরি ভিত্তিতে হামের বিশেষ টিকাদান কর্মসূচি শুরুর ঘোষণা দিয়েছে বিএনপি নেতৃত্বাধীন নতুন সরকার। যে-সব জেলায় হামের সংক্রমণ সবচেয়ে বেশি, টিকা প্রদানের ক্ষেত্রে সেসব এলাকাকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। বিশেষ টিকাদান কর্মসূচি উপলক্ষ্যে বৃহস্পতিবার থেকে স্বাস্থ্যকর্মীদের সব ধরনের ছুটি বাতিল করেছে সরকার। ”আমরা আগামী রোববার থেকে ভ্যাকসিনেশন ক্যাম্পেইন, ইমারজেন্সি ভ্যাকসিনেশন ক্যাম্পেইন আমরা আগামী রোববার থেকে শুরু করব এবং আমরা ফিল্ড লেভেল স্টাফদের সমস্ত ছুটি (বৃহস্পতিবার থেকে) আমরা প্রত্যাহার করে নিলাম। কোনো ছুটি থাকবে না,„ বুধবার সচিবালয়ে সংবাদ সম্মেলন বলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। স্বাস্থ্য বিভাগের তথ্যমতে, আক্রান্ত শিশুদের এক তৃতীয়াংশেরই বয়স নয় মাসের কম। সে কারণে হামের প্রথম টিকা দেওয়ার বয়স নয় মাস থেকে কমিয়ে ছয় মাস নির্ধারণ করেছে সরকার। বিশেষ কর্মসূচির আওতায় ছয় মাস থেকে শুরু করে ১০ বছর বয়সি পর্যন্ত শিশুরা হামের টিকা নিতে পারবে বলে জানানো হয়েছে। বিশেষ ক্যাম্পেইন পরিচালনার জন্য ইতোমধ্যে ৯০ লাখ ডোজ হামের টিকা সংগ্রহ করা হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্যমন্ত্রী। টিকা দেওয়ার ক্ষেত্রে সিরিঞ্জের যে সংকটের কথা জানা যাচ্ছিল, সেটিরও সমাধান করা হয়েছে বলে জানান। এছাড়া হামসহ অন্যান্য প্রয়োজনীয় টিকা কেনার জন্য জন্য নতুন করে ছয়শ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলেও জানান মন্ত্রী। ”যত ভয়াবহভাবে মিজেলস আমাদেরকে আক্রমণ করেছে, আমরা তার তার চেয়ে দ্রুতগতিতে কিন্তু একমোডেট করার চেষ্টা করেছি। কিছু ক্যাজুয়ালিটি হয়েছে। তবে অবশ্যই বলব এটা আমাদের অনেকটা সার্থকতা,„ সাংবাদিকদের বলেন স্বাস্থ্যমন্ত্রী মি. হোসেন। (বিবিসি ওয়েব পেজ : ০২.০৪.২০২৬ আলী আহমেদ)

## ১৩৩ অধ্যাদেশ পর্যালোচনার পর ৯৮টি বহালের সুপারিশ, ২০টি পুনর্বিবেচনায়

অন্তর্বর্তীকালীন সরকারের আমলে জারি করা ১৩৩টি অধ্যাদেশের মধ্যে ৯৮টি বহাল রাখার, ১৫টি অধ্যাদেশ প্রয়োজনীয় সংশোধনীর মাধ্যমে কার্যকর রাখার পরামর্শ দিয়েছে সংসদীয় বিশেষ কমিটি। আজ বৃহস্পতিবার জাতীয়

সংসদে বিশেষ কমিটির প্রতিবেদন উপস্থাপন করেন কমিটির সভাপতি জয়নুল আবেদিন। কমিটির প্রতিবেদন অনুযায়ী, বাকি ২০টি অধ্যাদেশকে এখনই বিল আকারে উত্থাপন না করে যাচাই-বাছাই করে নতুন বিল উত্থাপনের এবং চারটি অধ্যাদেশকে স্থায়ীভাবে বাতিল ও সংরক্ষণের জন্য সুপারিশও করা হয়েছে। সংবিধানের অনুচ্ছেদ ৯৩, কমিটিতে আমন্ত্রিত অতিথিদের মতামত, জনস্বার্থ, জনগুরুত্ব ও সরকারের ধারাবাহিকতা বিবেচনায় এসব সুপারিশ করা হয়েছে বলে প্রতিবেদনে বলা হয়েছে।(বিবিসি ওয়েব পেজঃ ০২.০৪.২০২৬ রনি)

## এলপিজির অস্বাভাবিক দাম বৃদ্ধিতে বাড়তি চাপ রান্নাঘরে

পেট্রোল পাম্পের সামনে দীর্ঘ লাইন, অবৈধ মজুত ঠেকাতে অভিযান- বাংলাদেশে জ্বালানি তেল নিয়ে নানা তেলেসমাতি কর্মকাণ্ড কয়েকদিন ধরেই সংবাদের শিরোনাম হচ্ছে। এবার জ্বালানি নিয়ে এই অস্থিরতার প্রভাব পৌঁছালো সাধারণ মানুষের রান্নাঘরেও। এমন পরিস্থিতিতে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বা এলপিজির দাম এক ধাক্কায় কেজি প্রতি প্রায় ৩৩ টাকা বাড়িয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন বা বিইআরসি। অর্থাৎ, বাসাবাড়ি কিংবা ছোটো রেস্তোরাঁতে বেশিরভাগ ক্ষেত্রে ব্যবহৃত- ১২ কেজির একটি এলপিজি সিলিন্ডারে এখন ৩৮৭ টাকা বাড়তি ব্যয় করতে হবে। অবশ্য এলপিজির দাম বৃদ্ধির আনুষ্ঠানিক ঘোষণা এখন দেওয়া হলেও, অন্তত চার মাস আগে থেকেই খুচরা বাজারে বাড়তি দামে বিক্রির অভিযোগ রয়েছে ভোক্তাদের। "ঘোষণা দিয়ে লাভ কী? দাম তো আগে থেকেই বেশি। গত মাসেই গ্যাস কিনেছি ১৮০০ টাকা দিয়ে, তার আগের মাসে ২৪০০ টাকায়„ বিবিসি বাংলাকে বলছিলেন ঢাকার আফতার নগর এলাকার বাসিন্দা পারভেজ হাসান। আগে থেকেই বাড়তি দামে সিলিন্ডার গ্যাস কেনার অভিযোগ রয়েছে রাজশাহী সিটি করপোরেশন এলাকার বাসিন্দা মোহাম্মদ মোর্তুজার। "ফেব্রুয়ারি মাসে তো গ্যাসই পাচ্ছিলাম না, পরে দুই হাজার টাকায় একটা ম্যানেজ করছিলাম। এই মাসেও ১৮০০ টাকা দিয়ে কিনছি„ বিবিসি বাংলাকে বলেন তিনি।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন বা বিইআরসি অবশ্য বলছে, আন্তর্জাতিক বাজারে গ্যাসের দাম বৃদ্ধি এবং জাহাজে পরিবহণ খরচ বেড়ে যাওয়ার কারণেই সিলিন্ডার গ্যাসের দাম সমন্বয় করা হয়েছে। তবে গণশুনানি ছাড়াই এলপিজির দাম বৃদ্ধিকে বিইআরসির সেচ্ছাচারিতা হিসেবেই দেখছেন জ্বালানি বিশেষজ্ঞদের অনেকে। তারা বলছেন, যুদ্ধ কিংবা বৈশ্বিক যে-কোনো বিরূপ পরিস্থিতির কারণে আমদানি পণ্যের দাম সমন্বয়ের প্রয়োজন হতে পারে, কিন্তু কতটুকু বাড়বে বা কমবে সেই সিদ্ধান্তের প্রক্রিয়া স্বচ্ছ হওয়া জরুরি। "গণশুনানি পরিহার করে তারা নিজে নিজে ঘরে বসে দাম নির্ধারণ করছে। ব্যবসায়ীরা এর আগেও তাদের নিজেদের মতো করে দাম বাড়িয়ে নিয়েছিল„ বিবিসি বাংলাকে বলেন জ্বালানি বিশেষজ্ঞ অধ্যাপক এম শামসুল আলম।

**দাম সমন্বয় কেন প্রয়োজন হলো**

মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতির কারণে বৈশ্বিক জ্বালানি সরবরাহে বড়ো ধরনের প্রভাব পড়েছে। যার ফলে বিশ্ববাজারে প্রতিনিয়তই বাড়ছে জ্বালানি তেল এবং গ্যাসের দাম। এমন প্রেক্ষাপটে বাংলাদেশেও যে জ্বালানির মূল্যবৃদ্ধি হতে পারে, এমন শঙ্কা আগে থেকেই করছিলেন বিশেষজ্ঞরা। এখনও জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি করা না হলেও, পেট্রোল পাম্পে যানবাহনের দীর্ঘ লাইনসহ এ নিয়ে নানা অস্থিরতা এরই মধ্যে শুরু হয়েছে। কিন্তু সবচেয়ে আগে দাম বাড়লো প্রায় শতভাগ আমদানি নির্ভর এলপিজির। বৃহস্পতিবার এলপিজির দাম কেজি প্রতি ৩২ দশমিক ২৫ টাকা বাড়িয়ে মূল্য সমন্বয়ের বিজ্ঞপ্তি জারি করেছে বিইআরসি। তাদের দেওয়া তথ্য অনুসারে, ভোক্তা পর্যায়ে এখন থেকে প্রতি কেজি এলপিজি ১৪০ দশমিক ২৯ টাকায় বিক্রি হবে। গত ২৩ ফেব্রুয়ারি বিইআরসির সবশেষ ঘোষণায় যা ১০৮ দশমিক ০৪ টাকা ছিল। অর্থাৎ, খুচরা পর্যায়ে ১২ কেজির একটি সিলিন্ডারের দাম এক হাজার ৩৪১ টাকা থেকে বেড়ে এখন থেকে এক হাজার ৭২৮ টাকায় বিক্রি হবে। নিয়ন্ত্রক প্রতিষ্ঠানটির চেয়ারম্যান সংবাদ সম্মেলন জানিয়েছেন, বৈশ্বিক দাম বৃদ্ধির কারণেই বাংলাদেশে এলপিজির দাম সমন্বয় করতে হয়েছে। এছাড়া জাহাজের প্রাপ্যতা এবং পরিবহণ ব্যয়বৃদ্ধির বিষয়টিও সামনে আনেন তিনি। মূলত, সৌদি আরবের বৃহত্তম রাষ্ট্রীয় তেল ও প্রাকৃতিক গ্যাস কোম্পানি- আরামকো নির্ধারিত দামকেই বাংলাদেশে এলপিজির দামের বেঞ্চমার্ক হিসেবে মনে করা হয়। এক্ষেত্রে সেখানে দাম বৃদ্ধির বা কমার প্রভাব পড়ে ঢাকায়ও।

এলপিজি অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এর সভাপতি আমিরুল হক জানান, তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের আন্তর্জাতিক বেঞ্চমার্ক মূল্য বা সৌদি কনট্রাক্ট প্রাইস এপ্রিলের শুরুতেই গত মাসের তুলনায় চার শতাংশের মতো বেড়েছে। "এনার্জি প্রাইস আমাদের হাতে থাকে না, এটা ডিসাইড করে আন্তর্জাতিক বাজার। আমরা দেশে এলপিজি আমদানি করি, প্রতি মাসের শেষ কার্যদিবসে এর দাম আন্তর্জাতিক বাজারের সাথে মিল রেখে ঘোষণা করে বিএআরসি„ বিবিসি বাংলাকে বলেন তিনি। যদিও জ্বালানির দাম বৃদ্ধির প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলেছেন বিশেষজ্ঞদের অনেকে। বিশেষ করে দাম সমন্বয়ের আগে গণশুনানির আয়োজন না করাকে আইন-বহির্ভূত হিসেবেই দেখছেন জ্বালানি বিশেষজ্ঞ অধ্যাপক এম শামসুল আলম। সব পক্ষের অংশগ্রহণে গণশুনানি না করে দাম নির্ধারণের কারণে সাধারণ ভোক্তাদের স্বার্থ রক্ষা হচ্ছে না বলেই মনে করেন মি. আলম। "জ্বালানির দাম সমন্বয়ের আগে গণশুনানি না

করায় ভোক্তাদের স্বার্থ রক্ষার আইনি দায়িত্ব পালন করছে না বিইআরসি। যার ফলে এই খাতে লুটপাটের যে প্রাতিষ্ঠানিক কাঠামো তৈরি করা হয়েছে, সেটিকেই মজবুত করছে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। উল্লেখ্য, জ্বালানির দাম সমন্বয়ের ক্ষেত্রে বিইআরসি, আমদানিকারক, বিশেষজ্ঞ ও ভোক্তাসহ অংশীজনদের নিয়ে একটি গণশুনানি করার কথা। যেখানে সব পক্ষের মতামত নেওয়া এবং তথ্য যাচাই-বাছাই করা হয়। কিন্তু ২০২২ সালের ডিসেম্বরে আইন সংশোধন করে 'বিশেষ পরিস্থিতিতে' বিদ্যুৎ ও জ্বালানির দাম সরাসরি নির্বাহী আদেশে বাড়ানোর ক্ষমতা নেয় সরকার। এরপর থেকেই গণশুনানির প্রক্রিয়া কার্যত বন্ধ হয়ে যায়।

**সংকটের শঙ্কা কতটা?**

চলতি বছরের জানুয়ারি থেকেই এলপিজি নিয়ে ভোগান্তিতে সাধারণ গ্রাহকরা। তখন থেকেই বাড়তি দামে গ্যাস কেনার অভিযোগ রয়েছে অনেকের। যার কারণ হিসেবে জাহাজ সংকট এবং পরিবহণ ব্যয় বৃদ্ধিকে দায়ী করেছিল বিইআরসি। যদিও কারসাজির অভিযোগ তুলেছিলেন বিশেষজ্ঞদের অনেকে। মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতির কারণে বাংলাদেশে আবারও জ্বালানি নিয়ে সংকটের শঙ্কা তৈরি হয়েছে। ক,দিন আগেই দেশের খুচরা বাজারে এলপিজি নিয়ে বিরূপ অভিজ্ঞতার পর, এবার হঠাৎ করেই এর অতিরিক্ত দাম বৃদ্ধি সাধারণ ভোক্তাদের মধ্যে নানা প্রশ্ন তৈরি করেছে। যদিও সরকার বলছে, জ্বালানি সংকটের কোনো শঙ্কা এখনও নেই। বিশেষ করে এলপিজি আমদানি এখনও স্বাভাবিক রয়েছে বলেই জানালেন বিইআরসি চেয়ারম্যান জালাল আহমেদ। তিনি বলছেন, বাংলাদেশে প্রতি মাসে এক লক্ষ ২০ হাজার থেকে এক লক্ষ ৩০ হাজার টন এলপিজির ব্যবহার হয়। গত বছর ১৪ লক্ষ ৬৫ হাজার টন এলপিজি আমদানি হয়েছিল বলেও জানান তিনি। "আগের বছরের তুলনায় এ বছরের ফেব্রুয়ারি এবং মার্চে আমদানির পরিমাণ ভালো। এপ্রিল মাস নিয়ে আমদানিকারকরা একটু শঙ্কা প্রকাশ করেছেন আমাদের কাছে, বিশেষ করে পরিবহণ জাহাজ নিয়ে,„ বলেন মি. আহমেদ। সংকটের কোনো শঙ্কা নেই বলেই মনে করেন এলপিজি অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এর সভাপতি আমিরুল হক। তিনি জানান, জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত প্রতি মাসে এলপিজি আমদানি বেড়েছে। এপ্রিল মাসে গ্যাস আরও বেশি আসবে বলেও জানান তিনি। "যুদ্ধের কারণে আমরা অন্য রাস্তা বেছে নিচ্ছি। আমাদের মেম্বাররা এখন সব কার্গো আর্জেন্টিনা, মালয়েশিয়া, আমেরিকা থেকে আনছি।„ যদিও বিকল্প উৎস থেকে আনার কারণে পরিবহন খরচ বাড়তে পারে বলে মনে করেন জ্বালানি বিশেষজ্ঞরা। যার প্রভাব খুচরা বাজারে দামের ওপর পড়বে বলেই মত তাদের। (বিবিসি ওয়েব পেজ : ০২.০৪.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালি যুক্তরাষ্ট্র বা ইসরায়েলের সঙ্গে 'সম্পর্কহীন' জাহাজের জন্য খোলা : ইরান

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বলেছেন, হরমুজ প্রণালি- যেটি তেল পরিবহণের অন্যতম গুরুত্বপূর্ণ পথ, সেসব জাহাজের জন্য উন্মুক্ত রাখা হচ্ছে, যেগুলো "আগ্রাসীদের নয় এবং তাদের সঙ্গে সম্পর্কিতও নয়„। টিভি চ্যানেল নিউজরুম আফ্রিকাকে দেওয়া এক সাক্ষাৎকারে ইসমাইল বাঘাই বলেন, "আমাদের কর্তৃপক্ষের সঙ্গে প্রয়োজনীয় সমন্বয়ের পর„ জাহাজগুলোকে প্রণালি দিয়ে যাতায়াতের অনুমতি দেওয়া হবে। ছড়িয়ে পড়া সংঘাতের প্রসঙ্গে ইসমাইল বাঘাই বলেন, ইরান "যুদ্ধ, আলোচনার পর্ব, যুদ্ধবিরতি- এমন এক দুষ্টচক্র„ সহ্য করবে না। জুন মাসে ইরান ও ইসরায়েলের মধ্যে ১২ দিনের যুদ্ধে যুক্তরাষ্ট্র ইরানের বেশ কয়েকটি পারমাণবিক ও সামরিক স্থাপনা লক্ষ্য করে হামলা চালায়। "তারা বললো চলুন থামি, আমরা থামলাম, আর নয় মাস পর তারা আবার শুরু করল,„ বলেন বাঘাই।
(বিবিসি ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ এলিনা)

## ইরানে বড়ো-সড়ো হামলার হুমকি ট্রাম্পের, মধ্যপ্রাচ্যে সামরিক অভিযান বন্ধের আহ্বান চীনের

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুমকি দিয়েছেন যে, আসন্ন কয়েক সপ্তাহে ইরানে বড়ো-সড়ো হামলা চালানো হবে। এরপরই চীন মধ্যপ্রাচ্যে তাৎক্ষণিক যুদ্ধবিরতির আহ্বান জানিয়েছে। আজ বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মাও নিং বলেন, "সামরিক উপায়ে এই সমস্যার স্থায়ী সমাধান সম্ভব নয় এবং এই সংঘাতকে আরও বড়ো করে তোলা কোনো পক্ষের জন্যই ভালো নয়।„ এসময় তিনি সংশ্লিষ্ট সকল পক্ষকে দ্রুত সামরিক অভিযান বন্ধ করার আহ্বান জানান। এদিকে, চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক মুখমাত্র জানিয়েছেন, হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল ব্যাহত হওয়ার পেছনে "ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের অবৈধ সামরিক অভিযানের ভূমিকা রয়েছে।„(বিবিসি ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র–ইসরায়েলের হামলাকে `তুচ্ছ, বলছে ইরান, `বিধ্বংসী, প্রতিক্রিয়ার হুঁশিয়ারি

ইরানের সেনাবাহিনীর একজন মুখপাত্র বলেছেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল "তুচ্ছ„ লক্ষ্যবস্তুতে হামলা চালাচ্ছে। তিনি সতর্ক করে দিয়েছেন যে, সামনে আসছে "বিপর্যয়কর, আরও বিস্তৃত ও বিধ্বংসী„ আঘাত। আইআরজিসি-সংশ্লিষ্ট তাসনিম সংবাদমাধ্যম এবং আধা-সরকারি ফার্স নিউজ এজেন্সিতে প্রকাশিত এক বিবৃতিতে তিনি বলেন, এই দুই দেশ তেহরানের সামরিক সক্ষমতা ও সরঞ্জাম সম্পর্কে "অসম্পূর্ণ„ তথ্য রাখে। মুখপাত্র আরও বলেন, ইরানের সামরিক উৎপাদন "এমন জায়গায় হয়, যার ব্যাপারে আপনাদের কোনো ধারণাই নেই„ এবং তিনি ট্রাম্পের সেই দাবি প্রত্যাখ্যান

করেন যে, ইরানের অস্ত্রভাণ্ডার ব্যাপকভাবে ক্ষয়প্রাপ্ত। তিনি বলেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলকে ”আপনাদের শুরু করা আগ্রাসনের মূল্য দিতে হবে।„ (বিবিসি ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ এলিনা)

**১৯টি ক্ষেপণাস্ত্র ও ২৬টি ড্রোন ছুড়েছে ইরান, বলছে আরব আমিরাত**

আজ বৃহস্পতিবার ইরান থেকে ১৯টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও ২৬টি ড্রোন ছোড়া হয়েছে সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) দিকে। তবে সংযুক্ত আরব আমিরাতের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সেগুলো প্রতিহত করেছে, জানিয়েছে দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয় আরও জানায়, চলমান সংঘাতের শুরু থেকে এখন পর্যন্ত ইউএই প্রায় ৪৫৭টি ক্ষেপণাস্ত্র ও দুই হাজার ৩৮টি ড্রোন প্রতিহত করেছে।(বিবিসি ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ এলিনা)

**তেহরান ও কারাজে ফের হামলা, নিহত দুই**

ইরানের তেহরান ও তেহরানের নিকটবর্তী আলবোর্জ প্রদেশের কারাজে নতুন করে হামলার খবর পাওয়া যাচ্ছে। আলবোর্জ প্রদেশের গভর্নরের কার্যালয়ের নিরাপত্তা বিষয়ক উপ-প্রধান জানিয়েছেন, কারাজে বি-১ সেতুতে হামলা হয়েছে এবং সেই হামলায় অন্তত দুইজন নিহত এবং কয়েকজন আহত হয়েছেন। ইরানি গণমাধ্যম উপ-প্রধানকে উদ্ধৃত করে এ খবর জানিয়েছে। প্রথম দফায় হামলার পর ওই একই সেতুতে ফের হামলা হয়েছে। আর, হামলার পরপরই শহরের কিছু এলাকায় বিদ্যুৎ বিভ্রাট দেখা দিয়েছে বলে জানিয়েছেন বিবিসি ফার্সির সিনিয়র সংবাদদাতা ঘোনচেহ হাবিবিয়াজাদ। কারাজের ওই সেতুতে দুই দফা হামলার বিষয়ে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনীর (আইডিএফ) কাছে জানতে চাইলে তারা জানায়, এ ধরনের কোনো হামলার বিষয়ে তারা অবগত নয়। এদিকে, আজ একই দিনে কারাজে দ্বিতীয়বারের মতো হামলার শব্দ শোনা গেছে বলে বিবিসিকে জানিয়েছে একটি সূত্র। ইরানের গণমাধ্যমগুলোও বলছে যে, পূর্ব তেহরানেও বিস্ফোরণ ঘটেছে। একইসাথে, উত্তর-পূর্বাঞ্চল থেকেও বিস্ফোরণের শব্দ শোনার কথা বিবিসিকে জানাচ্ছে একাধিক সূত্র।(বিবিসি ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ রনি)

**নাসা ৫০ বছর পর চাঁদের উদ্দেশ্যে নভোচারী পাঠিয়েছে যে কারণে**

যুক্তরাষ্ট্রের অ্যাপোলো মিশনের মাধ্যমে ১৯৬৯ সালের জুলাই মাসে প্রথমবার মানুষের চাঁদে অবতরণের পর, ৫০ বছরেরও বেশি সময় পেরিয়ে গেছে। দীর্ঘ পাঁচ দশক পর ফের মানুষকে চাঁদে পাঠিয়েছে নাসা। আজ ২ এপ্রিল অবশেষে নাসা,র আর্টেমিস-২ মিশনের মধ্যদিয়ে চাঁদের উদ্দেশ্যে রওয়ানা দিলেন চার নভোচারী। এতে তিনজন মার্কিন ও একজন কানাডীয় নভোচারী রয়েছেন। বুধবার স্থানীয় সময় সন্ধ্যা প্রায় ৬টা ৩৫ মিনিটে (জিএমটি রাত ১০টা ৩৫ মিনিট) যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে কমলা-সাদা রঙের রকেটটি বিকট গর্জন ছেড়ে আকাশে ওড়ে। তবে আর্টেমিস-২ মিশনের নভোচারীরা এবার সরাসরি চাঁদে অবতরণ করবেন না। বরং, আগামী ১০ দিনের এই অভিযানে তারা ভবিষ্যতে মানুষের চাঁদে অবতরণের পথ প্রস্তুত করবেন। চাঁদের যে অংশ পৃথিবী থেকে দেখা যায় না, সেই অংশ থেকে ৬৪০০ মাইল দূর দিয়ে উড়বেন তারা। সেখানে তারা তিন ঘণ্টা অবস্থান করবেন এবং বিভিন্ন ভূ-তাত্ত্বিক বৈশিষ্ট্য বিশ্লেষণ ও ছবি ধারণ করবেন। এছাড়া, তারা ফিরে আসার পর তাদের শারীরিক ও মানসিক অবস্থার উপরও নজর রাখা হবে, মানুষের শরীর ও মনের ওপর মহাকাশ ভ্রমণের প্রভাব কতটা, তা বোঝা যায় এবং ভবিষ্যতের মিশনগুলো আরও নিরাপদ করা যায়। এই চার নভোচারী নিরাপদে ফিরে আসতে পারলে নাসার লক্ষ্য হলো ২০২৮ সালের মাঝে পরবর্তী মিশনের আয়োজন করা এবং মানুষকে ফের চাঁদের বুকে নামানো।
(বিবিসি ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ এলিনা)

**জেরুজালেমে নতুন হামলার শব্দ, কাতার-কুয়েতে ড্রোন ও ক্ষেপণাস্ত্র প্রতিহত**

ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী জানিয়েছে, দেশটির ওপর ইরানের ক্ষেপণাস্ত্র হামলার নতুন ঢেউ আঘাত হেনেছে। স্থানীয় গণমাধ্যমের খবরে বলা হয়েছে, জেরুজালেমে এসব হামলার বিস্ফোরণের শব্দ শোনা গেছে। এদিকে, কাতারের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, বৃহস্পতিবার ইরান থেকে ছোড়া সব ড্রোন প্রতিহত করা হয়েছে। কুয়েতের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় তারা দুটি ক্ষেপণাস্ত্র ও ১৩টি ড্রোন ভূপাতিত করেছে।
(বিবিসি ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ রনি)

## এনএইচকে

**জাপান সরকারের প্রধান মুখপাত্রের প্রত্যাশা যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা ’ভালো দিকে’ এগোবে**

জাপান সরকারের প্রধান মুখপাত্র এই প্রত্যাশা ব্যক্ত করেছেন যে, চলমান সংঘাত নিয়ে ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্রের আলোচনা ”ভালো দিকে„ এগোবে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি প্রায়ই ইরান-আলোচনার কথা উল্লেখ করছেন। ইরানের বিরুদ্ধে সংঘাত নিয়ে ট্রাম্পের টেলিভিশন ভাষণের পর, বৃহস্পতিবার জাপানের চিফ ক্যাবিনেট সেক্রেটারি কিহারা মিনোরু সাংবাদিকদের সাথে আলাপ করেন। কিহারা বলেন যে, তিনি বুঝতে পেরেছেন ট্রাম্প সর্বসাম্প্রতিক মার্কিন পদক্ষেপ এবং বর্তমান পরিস্থিতির তাৎপর্য ব্যাখ্যা করেছেন। তবে মুখপাত্র এও বলেন যে, তিনি প্রেসিডেন্টের নির্দিষ্ট কোনো মন্তব্য নিয়ে মতামত ব্যক্ত করা থেকে বিরত থাকতে চান। কিহারা আরও বলেন, হরমুজ

প্রণালি দিয়ে নিরাপদ নৌচলাচল নিশ্চিত করাসহ মধ্যপ্রাচ্যে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখা আন্তর্জাতিক সম্প্রদায় ও জাপানের জন্য খুবই গুরুত্বপূর্ণ। কিহারা বলেন, জাপান সরকার আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে ঘনিষ্ঠ সহযোগিতায় দ্রুত পরিস্থিতি শান্ত করার জন্য কূটনৈতিক প্রচেষ্টা চালিয়ে যাবে। (এনএইচকে ওয়েব পেজ: ০১.০৪.২০২৬ রনি)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে ঈদের সময় ১৫ দিনে দুর্ঘটনায় নিহত ২৯৮

এবার ঈদুল ফিতরের আগে ও পরে ১৫ দিনে বাংলাদেশে ৩৭৩টি সড়ক দুর্ঘটনায় ২৯৮ জন মারা গেছেন বলে জানিয়েছে রোড সেফটি ফাউন্ডেশন। সে হিসেবে প্রতিদিন গড়ে মারা গেছেন ২০ জন। নিহতদের মধ্যে নারী ৪৬ জন ও শিশু ৬৭ জন। সবচেয়ে বেশি দুর্ঘটনা ঘটেছে চট্টগ্রাম বিভাগে। ফাউন্ডেশনের হিসাবে, গত বছরের ঈদুল ফিতরে ঈদযাত্রায় প্রতিদিন গড়ে ২২ জন নিহত হয়েছিলেন। ওই বছর ১১ দিনের ঈদযাত্রায় ২৫৭টি সড়ক দুর্ঘটনায় ২৪৯ জন নিহত হন। ১৪ থেকে ২৮ মার্চের তথ্য বিশ্লেষণ করে রোড সেফটি ফাউন্ডেশন জানিয়েছে, জাতীয় মহাসড়কে ৩০%, আঞ্চলিক সড়কে ৪৩% এবং শহর ও গ্রামীণ সড়কে বাকি দুর্ঘটনা ঘটে। মোটরসাইকেল দুর্ঘটনায় প্রাণহানি সবচেয়ে বেশি, অন্তত ১১৬ জন। আহত হয়েছেন দুই হাজারের বেশি মানুষ। সংস্থাটি দুর্ঘটনার পেছনে ১০টি কারণ চিহ্নিত করেছে। সেগুলি হলো ত্রুটিপূর্ণ যান, বেপরোয়া গতি, চালকের অদক্ষতা, দুর্বল ট্রাফিক ব্যবস্থা, স্বল্পগতির যানবাহন, ট্রাফিক আইন না মানা, মোটরসাইকেল চালকদের বেপরোয়া আচরণ, বিআরটিএ-এর সক্ষমতার ঘাটতি ও গণপরিবহণে চাঁদাবাজি ইত্যাদি। রোড সেফটি ফাউন্ডেশন বলছে, নিরাপদ ঈদযাত্রা নিশ্চিত করতে দীর্ঘমেয়াদি সমন্বিত পরিবহণ পরিকল্পনা, রেল ও নৌপরিবহণ উন্নয়ন এবং সচেতনতা প্রয়োজনীয়। নির্বিঘ্ন যাত্রার জন্য সরকারের রাজনৈতিক সদিচ্ছাকেও অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করা হয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ রুবাইয়া)

### চাহিদামতো ডিজেল না পেলে ধানের শীষ নষ্ট হওয়ার আশঙ্কা

চৈত্রের তপ্ত রোদে শুকিয়ে কাঠ হয়ে যাচ্ছে বাংলাদেশের ধানক্ষেত। কৃষিবিদরা বলছেন, এখন ধানের থোড় বের হওয়ার সময়, ফলে ক্ষেতে পানি ধরে রাখতে হবে। পাম্পে গিয়ে চাহিদামতো ডিজেল না পাওয়ার অভিযোগ করেছেন চুয়াডাঙ্গার চাষি রফিকুল ইসলাম। মৌসুমের এই সময়টায় ধানের শীষ বের হয় জানিয়ে তিনি আশঙ্কা করছেন, পানি না দিলে সব নষ্ট হয়ে যাবে। বুধবার ডয়চে ভেলেকে রফিকুল ইসলাম বলেন, "পাম্পে গেলে এক থেকে দুই লিটার তেল দেয়। তিন বিঘা জমিতে সেচ দিতে গেলে এটা দিয়ে কিছুই হয় না। তেল পেতে লাইন ধরতে হয়। চাহিদামতো পাওয়া যায় না। এ সময় ধান ও ভুট্টায় বেশি পানি লাগে। তেল না পেলে কীভাবে সেচ দেব? আগে ১০৫-১১০ টাকায় তেল পেতাম, এখন ১২০-১৩০ টাকা দিয়েও পাই না। এই সময় ধানের শীষ বের হয়। পানি না দিলে সব নষ্ট হয়ে যাবে। সামনে ঝড়-বৃষ্টি, সময়মতো ফসল তুলতে না পারলে বড়ো ক্ষতি হবে।„ তবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সরেজমিন উইংয়ের পরিচালক মো. ওবায়দুর রহমান মণ্ডল জানান, "কোথাও তেলের সমস্যা নেই। ভবিষ্যতে তেল পাওয়া যাবে কী না কৃষকের মধ্যে এমন আতঙ্ক কাজ করছে। তাই পাম্পগুলোতে ভিড় করছে। তবে তেলের অভাবে দেশের কোনো জমিতে সেচ দেওয়া যায়নি এমন নজির এখনও আমরা পাইনি।„ কৃষি অর্থনীতিবিদ ড. এম এ সাত্তার মণ্ডল ডয়চে ভেলেকে বলেন, "এই পরিস্থিতি দীর্ঘস্থায়ী হলে বোরো উৎপাদন ক্ষতিগ্রস্ত হতে পারে। উৎপাদন কমে গেলে খাদ্য নিরাপত্তা হুমকির মুখে পড়তে পারে। চালের বাজারেও এর প্রভাব পড়বে।„

বাংলাদেশে এখন বোরো ধানের ভরা মৌসুম চলছে। চৈত্রের তপ্ত রোদে শুকিয়ে কাঠ হয়ে যাচ্ছে ধানক্ষেত। কৃষিবিদরা বলছেন, এখন ধানের থোড় বের হওয়ার সময়, ফলে ক্ষেতে পানি ধরে রাখতে হবে। পানির স্বল্পতা হলেও ধানে চিটা হয়ে যেতে পারে। কিন্তু পানি দিতে গিয়ে বিপত্তিতে পড়ছেন কৃষক। পাচ্ছেন না পর্যাপ্ত ডিজেল। ফলে অনেক জায়গায় শুকিয়ে যাচ্ছে ধানক্ষেত। এমন পরিস্থিতিতে ভবিষ্যতের খাদ্য নিরাপত্তা ঝুঁকিতে পড়ার আশঙ্কার কথা বলছেন বিশেষজ্ঞরা। শুধু ধানের ক্ষেত্রে নয়, অন্য ফসলের ক্ষেত্রে একই অবস্থা। জ্বালানি বিশেষজ্ঞ অধ্যাপক ড. শামসুল আলম ডয়চে ভেলেকে বলেছেন, "ধানের জমিতে সেচ দেওয়ার সঙ্গে আমাদের খাদ্য নিরাপত্তার বিষয় জড়িত। ধানে যদি চিটা হয়ে যায়, তাহলে ফলন কমে যাবে। এতে ধানের উৎপাদন কমে যেতে পারে। সরকারের দায়িত্ব হবে, কৃষকদের কাছে পর্যাপ্ত ডিজেলের ব্যবস্থা করা। এর যে সরবরাহ চেইন, সেটা নিশ্চিত করতে হবে। সরকার যদি এক্ষেত্রে শৈথিল্য দেখায়, কিছুদিন পর এর ফল ভোগ করতে হবে। চাল যদি আমদানি করতে হয়, তাহলে আমাদের জন্য বিপদ বাড়বে। এটা সরকারকে বুঝতে হবে।„ শরীয়তপুরের জাজিরার কৃষক জলিল মন্ডল ডয়চে ভেলেকে বলেন, "আমি ২৫ বিঘা জমিতে বোরো ধানের আবাদ করেছি। আমার প্রতিদিন অন্তত ১২ ঘণ্টা সেচ দেওয়া প্রয়োজন। ১২ ঘণ্টা সেচ দিতে প্রতিদিন ১২ লিটার ডিজেল প্রয়োজন কিন্তু কৃষি কর্মকর্তাদের সুপারিশ নিয়ে নানাদিকে দৌড়ে সর্বোচ্চ চার লিটার ডিজেল সংগ্রহ করতে পারছি। এতে ৪ ঘণ্টা সেচ দেওয়া যাচ্ছে। এমন পরিস্থিতিতে কী করব বুঝতে পারছি না। এখন যদি ধানে ঠিকমতো পানি দিতে না পারি, তাহলে চিটা বেশি হয়ে যাবে, ফলন অনেক কমে যাবে।„

**কতটুকু ডিজেল আছে, কত আসতে পারে**

বাংলাদেশে জ্বালানি তেল আমদানির কাজটি করে সরকারি সংস্থা বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)। সংস্থাটি বলছে, গত রোববার ২৯ মার্চ সরবরাহ শেষে ডিজেলের মজুত আছে ১ লাখ ৩৩ হাজার টন। বর্তমান চাহিদার বিবেচনায় এটি ১০ দিনের মজুত। এপ্রিলে ডিজেলের চাহিদা প্রায় ৪ লাখ টন। যদিও আগামী ১৫ দিনের মধ্যে ৯৫ হাজার টন ডিজেল আসতে পারে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বলছে, ইরান যুদ্ধ শুরুর পর থেকে নির্ধারিত সময়ে জ্বালানি তেল আসছে না। মার্চে জ্বালানি তেল নিয়ে মোট ১৬টি জাহাজ আসার কথা। এর মধ্যে এসেছে ১০টি। বাকি ৬টি ডিজেলের জাহাজ এখন পর্যন্ত সময়সূচিও নিশ্চিত করেনি। এসব জাহাজে ১ লাখ ৫৫ হাজার টন ডিজেল আসার কথা ছিল। দেশে দুই ধরনের জ্বালানি তেল আমদানি করা হয়। পরিশোধিত জ্বালানি হিসেবে ডিজেল, অকটেন, ফার্নেস তেল ও জেট ফুয়েল কেনা হয় বিভিন্ন দেশ থেকে। আর অপরিশোধিত জ্বালানি তেল আনা হয় সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাত থেকে। এসব তেল দেশের একমাত্র সরকারি পরিশোধনাগার ইস্টার্ন রিফাইনারি লিমিটেডে (ইআরএল) শোধন করে ডিজেল, পেট্রোল, ফার্নেস তেলসহ বিভিন্ন জ্বালানি পাওয়া যায়। ইআরএল থেকে মাসে গড়ে ৬০ হাজার টন ডিজেল পাওয়া যায়। তবে যুদ্ধ শুরুর পর সৌদি আরব ও আরব আমিরাত থেকে অপরিশোধিত জ্বালানি আসা বন্ধ রয়েছে। বর্তমানে ইআরএলে ব্যবহারযোগ্য মজুত আছে ২৬ হাজার টন, যা দিয়ে ৬ থেকে ৭ দিন উৎপাদন করা যাবে।

জ্বালানি তেলের পরিস্থিতি নিয়ে দুইদিন আগে জাতীয় সংসদে বক্তব্য দিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। তিনি বলেন, এ পর্যন্ত জ্বালানির কোনো ঘাটতি নেই। গত বছরের তুলনায় সরবরাহ বাড়ানো হয়েছে। প্রয়োজনের অতিরিক্ত জ্বালানি কেনার প্রবণতায় কৃত্রিমভাবে সংকট তৈরি হয়েছে। মঙ্গলবার জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পক্ষে যুগ্ম সচিব মনির হোসেন চৌধুরী বলেছেন, ”৩ এপ্রিল ৩০ হাজার টন ডিজেল নিয়ে একটি জাহাজ আসার কথা রয়েছে। এর মধ্যে ভারত থেকে ৭ হাজার টন ডিজেল যুক্ত হচ্ছে পাইপলাইনে। দেশীয় উৎস থেকে পাওয়া যাবে ১১ হাজার টন। এ মাসে চীন, ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর থেকে আরও প্রায় দেড় লাখ টন ডিজেল যুক্ত হওয়ার কথা রয়েছে। এর মধ্যে ইন্দোনেশিয়া থেকে শিগ্‌গিরই ৬০ হাজার টন ডিজেল নিয়ে দুটি জাহাজ আসবে। ভারত থেকে অতিরিক্ত ডিজেল আমদানি করতে ইতোমধ্যে ফলপ্রসূ আলোচনা হয়েছে।„ জ্বালানি বিভাগ বলছে, জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে মধ্যপ্রাচ্যের বাইরেও বিভিন্ন দেশের সঙ্গে আলোচনা চালিয়ে যাচ্ছে সরকার। সিঙ্গাপুর ও মালয়েশিয়ার পাশাপাশি নাইজেরিয়া, আজারবাইজান, কাজাখস্তান, অ্যাঙ্গোলা, অস্ট্রেলিয়া ও যুক্তরাষ্ট্র থেকে অপরিশোধিত বা পরিশোধিত জ্বালানি তেল আমদানির বিষয়ে গুরুত্ব দেওয়া হচ্ছে। যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা ৩০ দিনের জন্য শিথিল করায় আগামী দুই মাসে রাশিয়া থেকে ৬ লাখ টন ডিজেল আমদানির উদ্যোগ নেওয়া হয়েছে।

**কৃষিতে কত ডিজেল প্রয়োজন?**

কৃষি মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, দেশে বর্তমানে ৭৫৪টি গভীর নলকূপ, ১০ লাখ ৩৯ হাজার ৩৩৭টি অগভীর নলকূপ এবং এক লাখ ৮৪ হাজার ৩৮৪টি লো-লিফট পাম্প আছে। এসবের বড়ো অংশই ডিজেলচালিত। বিশেষ করে, উত্তরাঞ্চল ও হাওর এলাকায় ডিজেল ছাড়া সেচ প্রায় অসম্ভব। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, দেশে রবি মৌসুমে প্রায় ৫০ লাখ হেক্টর জমিতে সেচনির্ভর ফসলের চাষ হয়। চলতি মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৫০ লাখ ৫৪ হাজার হেক্টর। এর মধ্যে ৮ মার্চ পর্যন্ত ৪৮ লাখ ৫৩ হাজার হেক্টর জমিতে চাষ হয়েছে। শুধু রংপুর অঞ্চলেই পাঁচ লাখ ৯ হাজার হেক্টর জমিতে চাষ হয়েছে, যার ৩৫-৪০ শতাংশ পুরোপুরি ডিজেলচালিত সেচযন্ত্রের ওপর নির্ভরশীল। কৃষি অর্থনীতিবিদ ড. এম এ সাত্তার মণ্ডল ডয়চে ভেলেকে বলেন, ”এই পরিস্থিতি দীর্ঘস্থায়ী হলে বোরো উৎপাদন ক্ষতিগ্রস্ত হতে পারে। উৎপাদন কমে গেলে খাদ্য নিরাপত্তা হুমকির মুখে পড়তে পারে। চালের বাজারেও এর প্রভাব পড়বে। কৃষির জন্য আলাদা ডিজেল বরাদ্দ, ড্রাম ব্যবহারকারীদের জন্য তেল বিক্রির স্পষ্ট নির্দেশনা, মাঠ পর্যায়ে কঠোর নজরদারি, ডিজেলে ভর্তুকি ও বিদ্যুৎচালিত সেচ সম্প্রসারণ করতে হবে। অন্তত কৃষিতে যতটুকু ডিজেল প্রয়োজন, সেটা সরকারকে নিশ্চিত করতে হবে। কোনোভাবেই কৃষি ক্ষতিগ্রস্ত করা চলবে না।„

**কৃষিমন্ত্রীকে ফোনের পরও মেলেনি ডিজেল?**

একজন কৃষক সরাসরি কৃষিমন্ত্রীকে ফোন করে প্রতিকার চাইলেও, মাঠ পর্যায়ে সমস্যার কোনো সমাধান হয়নি। প্লাস্টিকের জার বা ড্রামে তেল বিক্রিতে পাম্প মালিকদের অনীহার কারণে রবিশস্য মাড়াই, সেচ এবং হারভেস্টার মেশিনগুলো অচল হয়ে পড়ার উপক্রম হয়েছে। গত রোববার ঈশ্বরদীর একদল ভুক্তভোগী কৃষক উপজেলা কৃষি অফিসে গিয়ে তাদের সমস্যার কথা জানান। এ সময় জাতীয় পুরস্কারপ্রাপ্ত কৃষক সিদ্দিকুর রহমান ময়েজ সরাসরি কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিনুর রশিদের মোবাইলে কল করেন। মন্ত্রী তাৎক্ষণিক সমস্যা সমাধানে কৃষি কর্মকর্তা আব্দুল মোমিনকে নির্দেশ দেন। কিন্তু বুধবার বিকেল পর্যন্ত সমস্যার কোনো কার্যকর সমাধান হয়নি। ফলে গম, মসুর, খেসারিসহ রবি মৌসুমের ফসল মাড়াই এবং জমি চাষের কাজ বন্ধ। কৃষকদের অভিযোগ, কৃষি অফিস থেকে `কৃষক শনাক্তকরণ কার্ড' ইস্যু করা হলেও, পাম্প মালিকরা তা মানছেন না। কৃষি অফিসার ইউএনওকে চিঠি দিয়েছেন, যা জেলা প্রশাসকের অনুমতির অপেক্ষায়। কৃষকদের প্রশ্ন, এই `চিঠি চালাচালি' শেষ হতে হতে মাঠের ফসল কি নষ্ট হয়ে যাবে? তবে

উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমিন বলেন, ”মন্ত্রী বিষয়টি স্থানীয়ভাবে `ম্যানেজ' করতে বলেছেন। কিছু কৃষক কার্ড জালিয়াতি করে তেল নিয়েছেন বলে অভিযোগ পেয়েছি। পাম্প মালিকদের সঙ্গে আলোচনা হয়েছে। আশা করছি, দ্রুতই সবাই তেল পাবেন।„

**ডিজেল সংকটে কর্মহীন লাখো জেলে**

শুধু ফসল নয়, ডিজেল সংকটের কারণে জেলেরাও নদীতে যেতে পারছেন না। শরীয়তপুরের নড়িয়া উপজেলার সুরেশ্বর এলাকার জেলে রণজিৎ চন্দ্র দাস সাতদিন ধরে নৌকা ঘাটে বেঁধে বসে আছেন। নদী আছে, জাল আছে, ইঞ্জিনও আছে কিন্তু নেই ডিজেল। এই অভাবই তার জীবনের সবচেয়ে বড়ো সংকটে পরিণত হয়েছে। নিজের দুর্দশার কথা বলতে গিয়ে রণজিৎ বলেন, ”নদী তীরের হাটবাজারে ডিজেল পাওয়া যাচ্ছে না। কেউ কেউ বাধ্য হয়ে লিটারপ্রতি ৬০-৭০ টাকা বেশি দামে কিনে নদীতে যাচ্ছে। কিন্তু সেই খরচ তোলা সম্ভব না।„ জেলে ও সংশ্লিষ্টদের দাবি, ইতোমধ্যে নদনদীতে মাছ আহরণ ৭০ থেকে ৮০ শতাংশ পর্যন্ত কমে গেছে। এর প্রভাব পড়েছে উপকূলীয় মৎস্যবন্দর ও মোকামগুলোতে। অনেক জায়গায় কার্যক্রম প্রায় স্থবির। ফলে শুধু জেলে নয়; আড়তদার, পাইকার, শ্রমিক, বরফকল মালিক, পরিবহণ কর্মীসহ পুরো মৎস্যভিত্তিক অর্থনীতি চাপে পড়েছে। এই খাতের ওপর নির্ভরশীল লাখো মানুষের কর্মসংস্থান এখন ঝুঁকির মুখে। এপ্রিলের মাঝামাঝি থেকে শুরু হচ্ছে টানা ৫৮ দিনের সামুদ্রিক মাছ ধরার নিষেধাজ্ঞা। এর লক্ষ্য মৎস্য সম্পদ সংরক্ষণ ও প্রজনন নিশ্চিত করা। জেলেরা বলছেন, জ্বালানি সংকটে কাজ বন্ধ, তার ওপর দীর্ঘ নিষেধাজ্ঞা; সব মিলিয়ে তারা চরম দুশ্চিন্তায়। মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, দেশে নিবন্ধিত জেলের সংখ্যা প্রায় ১৮ লাখ তিন হাজার। তবে বাস্তবে এই সংখ্যা আরও বেশি। পরিবারসহ এই খাতের ওপর নির্ভরশীল মানুষের সংখ্যা ৫০ থেকে ৬০ লাখেরও বেশি। প্রতিদিন প্রায় ৫০ হাজার মাছ ধরার নৌকা ও ট্রলার নদী ও সাগরে যায়। ছোটো নৌকায় দৈনিক ৫-২০ লিটার, মাঝারি নৌকায় ২০-৫০ লিটার এবং বড়ো ট্রলারে প্রতিদিন ১০০-৩০০ লিটার পর্যন্ত ডিজেল লাগে। সব মিলিয়ে প্রতিদিন প্রায় ১৫ থেকে ২৫ লাখ লিটার ডিজেলের প্রয়োজন হয়। বাংলাদেশ মেরিন ফিশারিজ অ্যাসোসিয়েশন জানায়, দেশে ২১৫টি শিল্প ট্রলার রয়েছে, যার মধ্যে প্রায় ১৮০টি নিয়মিত সাগরে মাছ ধরে। এসব ট্রলারকে একটানা ২২ থেকে ২৫ দিন সাগরে থাকতে হয়। কিন্তু জ্বালানি সংকটে এখন অনেক ট্রলারই ঘাটে পড়ে আছে।

**অসময়ের বৃষ্টি কৃষকের মাথায় হাত**

চলতি বোরো মৌসুমে সুনামগঞ্জের ছোটো-বড়ো ৯৫টি হাওরের দুই লাখ ২৩ হাজার ৫১০ হেক্টর জমিতে চাষাবাদ হয়েছে। ধানের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে প্রায় ১৪ লাখ মেট্রিক টন, যার বাজারমূল্য পাঁচ হাজার কোটি টাকা। তবে সেই ধান ঘরে তুলতে দুশ্চিন্তায় পড়েছেন হাওরের ১০ লাখ কৃষক। গত কয়েক দিনের বৃষ্টিতে জলাবদ্ধতা দেখা দিয়েছে। ধার-দেনা করে দেখার হাওরে ৩৫ কিয়ার জমিতে বোরো ধান রোপণ করেছিলেন কৃষক মুহিবুর রহমান। কিন্তু সেই ধান ঘরে তোলার আগেই কয়েক দিনের বৃষ্টিতে পানিতে তলিয়ে যায়। শুধু দেখার হাওর নয়, কানলার হাওর, করচার হাওর, শান্তিগঞ্জের খাই হাওর, পাখিমারা হাওর, শাল্লার ছায়ার হাওর, জামালগঞ্জের হালির হাওর, পাগনার হাওর, তাহিরপুরের শনির হাওর, মাটিয়ান হাওরসহ জেলার বিভিন্ন হাওরে জলাবদ্ধতা দেখা দিয়েছে। এতে এসব হাওরের বেশিরভাগ কৃষকের কাঁচা ধান পানির নিচে তলিয়ে গেছে। কৃষি বিভাগ বলছে, মাত্র এক হাজার ১০০ হেক্টর জমি ডুবেছে। জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোহাম্মদ ওমর ফারুক বলেন, ”অন্য বছর থেকে এবছর কয়েকদিনেই ১০০ মিলিমিটার বৃষ্টি হয়েছে। পাশাপাশি সিলেটে বৃষ্টি হচ্ছে, নদীর পানিও বাড়ছে। এরই মধ্যে হাওরে যে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে, তাতে ১১০০ হেক্টর জমি আক্রান্ত হয়েছে।" সাবেক কৃষি সচিব আনোয়ার ফারুক ডয়চে ভেলেকে বলেছেন, ”অসময়ের এই বৃষ্টিতে কিছু উপকার হয়েছে, আবার ক্ষতিও হয়েছে। এই বৃষ্টি বোরো চাষীদের উপকার করেছে। তাদের সেচ কম লাগছে। কিন্তু হাওর এলাকা ডুবে গেছে। যেখানে ধানের থোড় আসার কথা। অন্যদিকে যে-সব কৃষক ক্ষেত থেকে আলু আর পেঁয়াজ তুলতে পারেননি, তাদেরগুলো পচে যাচ্ছে। এগুলো হিমাগারেও রাখা যাচ্ছে না। ফলে এই বৃষ্টি উপকার, ক্ষতি দুইই করছে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ রুবাইয়া)

## ডিজেল নিয়ে শুক্রবার চট্টগ্রামে আসছে দুইটি জাহাজ

জ্বালানি তেল নিয়ে আরও জাহাজ বাংলাদেশে আসছে। শুক্রবার ৬০ হাজার টন ডিজেল নিয়ে চট্টগ্রামে দুটি জাহাজ পৌঁছানোর কথা রয়েছে। এ মাসে ডিজেল নিয়ে আরও অন্তত চারটি জাহাজ আসার নিশ্চয়তা পেয়েছে সরকার। তাই ডিজেলের মজুত কমে এলেও, সরবরাহ ধরে রাখা নিয়ে আপাতত আশঙ্কা করছে না জ্বালানি বিভাগ। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বলছে, এপ্রিলে ডিজেলের চাহিদা চার লাখ টন। এখন মজুত আছে প্রায় সোয়া লাখ টন। এর বাইরে আরও ৮০ হাজার টন ডিজেল মজুত রয়েছে, যা চাইলে জরুরি প্রয়োজনে ব্যবহার করা যাবে। এ মাসে আরও সোয়া তিন লাখ টন ডিজেল আমদানির পরিকল্পনা আছে। ইতোমধ্যে ১ লাখ ৬৫ থেকে ৬৮ হাজার টন ডিজেল আসার নিশ্চয়তা পাওয়া গেছে। বিপিসির সূত্র বলছে, নিয়মিত তেল সরবরাহকারী চীনের কোম্পানি ইউনিপ্যাক সিঙ্গাপুর থেকে শুক্রবার দুটি জাহাজে ৬০ হাজার টন ডিজেল আসছে। একই কোম্পানি এ মাসেই আরও দুটি জাহাজ জ্বালানি তেল

সরবরাহ করবে। এর মধ্যে একটিতে ৩০ হাজার টন ডিজেল ও আরেকটিতে ১৫ থেকে ১৮ হাজার টন ডিজেলের সঙ্গে ১০ হাজার টন জেট ফুয়েল আসার কথা। এ ছাড়া, ইন্দোনেশিয়ার কোম্পানি বিএসপি থেকে এ মাসেই ৩০ হাজার টন করে দুটি জাহাজে ৬০ হাজার টন ডিজেল আসার কথা রয়েছে। এর বাইরে চুক্তি অনুযায়ী ভারত থেকে পাইপলাইনে ২০ হাজার টন ডিজেল আসবে এ মাসে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ রুবাইয়া)

### হবিগঞ্জে জ্বালানি তেলবাহী ট্রেন লাইনচ্যুত, লুটের চেষ্টা

হবিগঞ্জের মাধবপুরে জ্বালানি তেলবাহী ট্রেন লাইনচ্যুত হয়েছে। বুধবার রাত সাড়ে ৯টায় ট্রেনটির পাঁচটি বগি লাইনচ্যুত হয়। এ ঘটনায় সিলেটের সঙ্গে সারা দেশের রেলযোগাযোগ বন্ধ হয়ে গেছে। ওই ঘটনার পর আশপাশের মানুষজন সেখানে ভিড় করেন। অনেকে লাইনচ্যুত বগি থেকে তেল লুট করার চেষ্টা করেন। খবর পেয়ে বিজিবিসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। এ সম্পর্কে বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) নাজমুল হক জানান, ট্রেনের একটি বগি সেতুর নিচে পড়ে যাওয়ায় উদ্ধারকাজ কিছুটা দেরি হচ্ছে। বাকি চার বগি ও রেললাইন ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যার মধ্যে উদ্ধারকাজ শেষ হবে এবং ট্রেন চলাচল স্বাভাবিক হবে বলে তিনি আশা প্রকাশ করেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৪.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### অভিযানে অবৈধ মজুত ২ লাখ ৭২ হাজার লিটার জ্বালানি তেল উদ্ধার

সারাদেশে গত এক মাসে অভিযান চালিয়ে অবৈধভাবে মজুত করা মোট ৩ লাখ ৭২ হাজার ৩৮৮ লিটার জ্বালানি তেল উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার সচিবালয়ে সার্বিক জ্বালানি পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলনের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মুখপাত্র ও যুগ্ম সচিব মনির হোসেন চৌধুরী এ তথ্য জানান। তিনি বলেন, ৩ মার্চ থেকে ১ এপ্রিল পর্যন্ত মোট ৪ হাজার ৮২৪টি অভিযান পরিচালিত হয়েছে। এতে মামলা হয়েছে ২ হাজার ৯টি। মোট জরিমানা করা হয়েছে ১ কোটি ১ লাখ ৪৩৫ টাকা। ২৪ জনকে কারাদণ্ড দেওয়া হয়েছে। অভিযানের মাধ্যমে মোট ৩ লাখ ৭২ হাজার ৩৮৮ লিটার জ্বালানি তেল উদ্ধার করা হয়েছে জানিয়ে যুগ্ম সচিব বলেন, এর মধ্যে ডিজেল ২ লাখ ৭১ হাজার ৩৭৪ লিটার, অকটেন ৩০ হাজার ৯৬০ লিটার এবং পেট্রোল ৭০ হাজার ৫৪ লিটার।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৪.২০২৬ আসাদ)

### পরিকল্পনা ছাড়া অনলাইন ক্লাস চালু করা হতে পারে আত্মঘাতী : মিয়া গোলাম পরওয়ার

দেশের সব মহানগরের স্কুল ও কলেজে সপ্তাহে ৩ দিন অনলাইন ক্লাস নেওয়ার সরকারের সিদ্ধান্তের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। বৃহস্পতিবার এক বিবৃতিতে তিনি এ প্রতিবাদ জানান। বিবৃতিতে তিনি বলেন, গত ৩১ মার্চ সচিবালয়ে অনুষ্ঠিত এক সমন্বয় সভায় ঢাকাসহ সব মহানগরের শিক্ষাপ্রতিষ্ঠানে সপ্তাহে ৩ দিন অনলাইন ক্লাস চালুর যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তা অত্যন্ত অনভিপ্রেত ও অপরিণামদর্শী। সরকার জ্বালানি সংকটের অজুহাত দেখিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে কোমলমতি শিক্ষার্থীদের ওপর অনলাইন ক্লাস চাপিয়ে দিচ্ছে, যা জাতিকে মেধাশূন্য করার এক গভীর ষড়যন্ত্রেরই অংশ। তিনি আরও বলেন, অনলাইননির্ভর শিক্ষাব্যবস্থার ফলে শিক্ষার্থীরা বহুমুখী ক্ষতির সম্মুখীন হয়। ইন্টারনেটের উচ্চমূল্যের কারণে অনেক গরিব শিক্ষার্থী শিক্ষা কার্যক্রম থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েন। অনলাইন ক্লাসের নামে স্মার্টফোন ব্যবহারের সুযোগে কোমলমতি শিক্ষার্থীরা ডিভাইসে আসক্তি ও নৈতিক অবক্ষয়ের ঝুঁকিতে পড়ে। শ্রেণিকক্ষভিত্তিক পঠন-পাঠন ব্যাহত হওয়ায় শিক্ষার্থীদের নিয়মিত পড়ার অভ্যাসও দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়। এমতাবস্থায়, অনলাইননির্ভর শিক্ষাব্যবস্থা চালু করা মানে জেনেশুনে শিক্ষার্থীদের শিক্ষাজীবন ধ্বংস করা। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৪.২০২৬ আসাদ)

### সরকারি ও বেসরকারি অফিস ৯-৪টা, সন্ধ্যা ৬টার পর মার্কেট বন্ধ

আগামী রোববার থেকে সরকারি ও বেসরকারি অফিস সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলবে। একই সঙ্গে জরুরি প্রয়োজন ছাড়া আজ (শুক্রবার) থেকে সন্ধ্যা ৬টার পর মার্কেট বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (২ এপ্রিল) রাতে মন্ত্রিপরিষদের বৈঠকে এসব সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বৈঠকে জ্বালানি সংকট ও বৈশ্বিক পরিস্থিতির প্রেক্ষাপটে ব্যয় সাশ্রয় এবং বিদ্যুৎ-জ্বালানি ব্যবহারে নিয়ন্ত্রণ আনতে একগুচ্ছ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে সরকার। বৈঠক শেষে এসব সিদ্ধান্তের কথা জানান মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি। তিনি বলেন, ব্যাংক লেনদেন চলবে বিকেল ৩টা পর্যন্ত। আর শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের বিষয়ে রোববার বিস্তারিত নির্দেশনা দেওয়া হবে। মন্ত্রিপরিষদ সচিব বলেন, এই সময়ে সরকারি কোনো নতুন যানবাহন, জলযান বা আকাশযান ক্রয় করা হবে না। পাশাপাশি কম্পিউটারসহ অন্যান্য সরঞ্জাম কেনাও বন্ধ রাখা হবে। তিনি জানান, সরকারি অর্থায়নে সব বৈদেশিক প্রশিক্ষণ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে। অভ্যন্তরীণ প্রশিক্ষণও ৫০ শতাংশ কমিয়ে আনা হয়েছে, যেন ব্যয় নিয়ন্ত্রণে রাখা যায়। এছাড়া সভা-সেমিনারের ব্যয় ৫০ শতাংশ হ্রাস এবং জ্বালানি, বিদ্যুৎ ও গ্যাস খাতে ব্যয় ৩০ শতাংশ কমানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অপ্রয়োজনীয় ভ্রমণ ব্যয়ও ৩০ শতাংশ কমানোর নির্দেশ দেওয়া হয়েছে। মন্ত্রিপরিষদ সচিব বলেন, এসব

সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে নির্দেশ দেওয়া হয়েছে এবং মনিটরিং জোরদার করা হবে। পরিস্থিতি বিবেচনায় ভবিষ্যতে আরও প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

মন্ত্রিপরিষদ সচিব বলেন, মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে জ্বালানি সরবরাহে অনিশ্চয়তা তৈরি হয়েছে। দেশের প্রায় ৮০ শতাংশ তেল আমদানিনির্ভর হওয়ায় বৈশ্বিক বাজারের প্রভাব সরাসরি পড়ছে। তিনি জানান, এই পরিস্থিতিতে সরকার বিকল্প উৎস থেকে জ্বালানি আমদানির উদ্যোগ নিয়েছে। এরই মধ্যে মালয়েশিয়া, ইন্দোনেশিয়া এবং কাজাখস্তান থেকে জ্বালানি আমদানির সম্ভাবনা তৈরি হয়েছে। এর আগে রাত পৌনে ৯টার দিকে জাতীয় সংসদ সচিবালয়ের মন্ত্রিপরিষদ কক্ষে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষ হয় রাত সাড়ে ১১টায়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৪.২০২৬ আসাদ)

## এলপিজির দাম বাড়লো, ১২ কেজি সিলিন্ডার ১৭২৮ টাকা

ভোক্তা পর্যায়ে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস এলপিজির দাম বাড়িয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। নতুন নির্ধারিত দামে ১২ কেজির এলপিজি সিলিন্ডার এক হাজার ৩৪১ টাকা থেকে বেড়ে এক হাজার ৭২৮ টাকা হয়েছে। ফলে এপ্রিল মাসে ভোক্তাদের প্রতি সিলিন্ডারে অতিরিক্ত ৩৮৭ টাকা ব্যয় করতে হবে। বৃহস্পতিবার বিকেল ৩টায় বিইআরসি কার্যালয়ে এ নতুন দাম ঘোষণা করেন সংস্থাটির চেয়ারম্যান জালাল আহমেদ।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৪.২০২৬ আসাদ)

## জ্বালানি তেলের মজুত পর্যাপ্ত, এপ্রিল মাস পুরোপুরি নিরাপদ

জ্বালানি তেলের মজুত পর্যাপ্ত। পরিকল্পনা অনুযায়ী, তেলবাহী জাহাজগুলো আসছে। তাই এপ্রিল মাস পুরোপুরি নিরাপদ। বৃহস্পতিবার সচিবালয়ে সার্বিক জ্বালানি পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলনে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মুখপাত্র ও যুগ্ম সচিব মনির হোসেন চৌধুরী এ তথ্য জানান। জ্বালানি তেলের চাহিদা ও আমদানির বিষয়ে তিনি বলেন, ডিজেলের চাহিদা গড়ে বছরে প্রায় ৩ লাখ ৫০ হাজার টন। আর অকটেন ও পেট্রোল- এ দুটো আমাদের বছরে দরকার হয় প্রায় ৭০ হাজার টন। দৈনিক হিসাবে পেট্রোল-অকটেন প্রায় এক হাজার ২০০ টন এবং ডিজেল প্রায় এক হাজার ৪০০ টন লাগে। যুগ্ম সচিব বলেন, আমি হিসাব করে দেখেছি- আমাদের পর্যাপ্ত মজুত আছে। কোনো সংকট নেই, ডিজেলের ক্ষেত্রেও কোনো সমস্যা নেই। আমরা মাসভিত্তিক পরিকল্পনা অনুযায়ী আমদানি করছি। এপ্রিল মাস পুরোপুরি নিরাপদ। আজ সকালেও মিটিং করেছি। বর্তমান মজুত এবং ইনকামিং শিপ, সব অন টাইম আছে। ফলে কোনো অসুবিধা হবে না, ইনশাল্লাহ। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৪.২০২৬ আসাদ)

## রাশিয়া থেকে জ্বালানি কিনতে অনুমতি চেয়ে চিঠির জবাব দেয়নি যুক্তরাষ্ট্র

রাশিয়া থেকে জ্বালানি তেল আমদানিতে অনুমতি চেয়ে যুক্তরাষ্ট্রকে বাংলাদেশের দেওয়া চিঠির এখনো জবাব দেয়নি ওয়াশিংটন। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মুখপাত্র ও যুগ্ম সচিব মনির হোসেন চৌধুরী এমনটিই জানিয়েছেন। রাশিয়া থেকে জ্বালানি তেল আমদানির বিষয়ে যুক্তরাষ্ট্রের অনুমতি চেয়ে চিঠির অগ্রগতি বিষয় জানতে চাইলে মনির হোসেন চৌধুরী বলেন, ”চিঠির জবাব এখনো আসেনি।„ বৃহস্পতিবার সচিবালয়ে সার্বিক জ্বালানি পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৪.২০২৬ আসাদ)

## সারের পর ডিজেল সংকট, বোরো আবাদে `মরার ওপর খাঁড়ার ঘা,

সারের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির পর এবার তীব্র ডিজেল সংকটে নাজেহাল হয়ে পড়েছেন পাবনার কৃষকরা। বোরো চাষের ভরা মৌসুমে পাম্পে পাম্পে ঘুরেও মিলছে না পর্যাপ্ত জ্বালানি তেল। বাধ্য হয়ে খোলা বাজার থেকে অতিরিক্ত দামে ডিজেল কিনে সেচ দিতে গিয়ে, উৎপাদন খরচ আকাশচুম্বী হওয়ায় দিশেহারা হয়ে পড়েছেন জেলার হাজারো চাষি। এতে ধানের ফলন বিপর্যয়ের আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা। কৃষকদের অভিযোগ, গত বছরের তুলনায় সারের দাম বস্তাপ্রতি ক্ষেত্রবিশেষে হাজার টাকা পর্যন্ত বেড়েছে। এর ওপর মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতির প্রভাবে তৈরি হওয়া ডিজেল সংকট কৃষকদের `মরার ওপর খাঁড়ার ঘা, হয়ে দাঁড়িয়েছে। কৃষকরা বলছেন, গত বছরের তুলনায় সারের দাম ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। কোনো কোনো সারে বস্তাপ্রতি দাম বেড়েছে হাজার টাকাও। এর মধ্যে আবার নতুন করে যোগ হয়েছে ডিজেল সংকট। অনেক কৃষক টাকা ও বোতল নিয়ে ডিজেলের জন্য পাম্প স্টেশনে ঘুরে ঘুরে খালি হাতে ফিরছেন। বাধ্য হয়ে কেউ কেউ গ্রামের খুচরা দোকান থেকে ৫০-৬০ টাকা অতিরিক্ত দামে অল্পকিছু ডিজেল ক্রয় করছেন। তবে এটিও তাদের জন্য পর্যাপ্ত নয়। এতে চারা প্রস্তুত থাকলেও অনেক কৃষক সেচ দিয়ে জমি প্রস্তুত করতে পারছেন না। আবার কেউ কেউ চারা রোপণ করলেও পর্যাপ্ত সেচ দিতে পারছেন না।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৪.২০২৬ আসাদ)

## বিদ্যুৎ সাশ্রয়ে অফিস সময় পরিবর্তনের খবর ভুয়া, সতর্ক করলো মন্ত্রণালয়

বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে এখন থেকে সরকারি অফিস তিনদিন সশরীর এবং দুইদিন ভার্চুয়ালি হবে, এমন তথ্য জানিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের একটি চিঠি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। অফিসের সময়সূচি পরিবর্তন-

সংক্রান্ত এই চিঠিটি ভুয়া বলে জানিয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়। বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় মন্ত্রণালয়টি। এতে বলা হয়, বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়কল্পে সরকারি অফিসের সময়সূচি পরিবর্তন ও সপ্তাহে ৩ দিন অফিস পরিচালনা প্রসঙ্গে গত ১ এপ্রিল একটি স্মারকপত্র সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ ধরনের কোনো পত্র জারি করা হয়নি। এ বিষয়ে কাউকে বিভ্রান্ত না হওয়ার অনুরোধ জানানো হলো। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৪.২০২৬ আসাদ)

## দেশে বিদ্যুতের কোনো ঘাটতি নেই : সংসদে মন্ত্রী

চাহিদা অনুযায়ী দেশে বিদ্যুতের কোনো ঘাটতি নেই বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। বৃহস্পতিবার জাতীয় সংসদ অধিবেশনে ঢাকা-১৮ আসনের সংসদ সদস্য এস এম জাহাঙ্গীর হোসেনের তারকা চিহ্নিত প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। জ্বালানি মন্ত্রী বলেন, তবে গ্রীষ্মকালে সর্বোচ্চ চাহিদার সময় প্রাথমিকভাবে জ্বালানির ঘাটতি, সঞ্চালন এবং ঝড়-বৃষ্টির সময় রক্ষণাবেক্ষণের কারণে কিছুটা বিভ্রাট ঘটে। যদিও চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয় না। বিদ্যুৎ চাহিদাও দিন দিন বাড়ছে। গ্রাহকের চাহিদা পূরণে বন্ধ বিদ্যুৎকেন্দ্র চালুর জন্য কিছু কার্যক্রম হাতে নিয়েছি। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৪.২০২৬ আসাদ)

## আদানি গ্রুপের সঙ্গে করা বিদ্যুৎ চুক্তি এখন গলার কাঁটা : বিদ্যুৎ মন্ত্রী

ভারতের আদানি পাওয়ারের সঙ্গে করা বিদ্যুৎ ক্রয় চুক্তি নিয়ে কঠোর অবস্থানে যাচ্ছে সরকার। অস্বাভাবিক উচ্চমূল্যে চুক্তি সই হওয়ার তথ্য সামনে আসায়, এখন আন্তর্জাতিক সালিশী আদালত বা দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে চুক্তিটি পুনর্বিবেচনার চিন্তাভাবনা করা হচ্ছে। অস্বাভাবিক শর্ত ও উচ্চমূল্যের কারণে এ চুক্তিটি এখন গলার কাঁটা হয়ে দাঁড়িয়েছে। বৃহস্পতিবার জাতীয় সংসদে চট্টগ্রাম-১৫ আসনের সংসদ সদস্যের প্রশ্নের জবাবে এ তথ্য জানান বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। মন্ত্রী বলেন, ২০১৭ সালে ভারতের আদানি পাওয়ার (ঝাড়খণ্ড) লিমিটেডের সঙ্গে করা চুক্তিটি পর্যালোচনার জন্য অন্তর্বর্তী সরকারের সময়ে সুপ্রিম কোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতির নেতৃত্বে একটি জাতীয় কমিটি গঠন করা হয়েছিল। কমিটিতে জ্বালানি বিশেষজ্ঞ, আইনজ্ঞ, অর্থনীতিবিদ ও চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টরা ছিলেন। তারা চুক্তিটির প্রতিটি দিক পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করেছেন। কমিটির পর্যালোচনায় উঠে এসেছে যে, বিগত আওয়ামী লীগ সরকারের আমলে সম্পাদিত এ চুক্তিতে বিদ্যুতের দাম তৎকালীন দেশীয় ও আন্তর্জাতিক বাজারদরের তুলনায় অনেক বেশি ধরা হয়েছে। পর্যালোচনার প্রয়োজনে আন্তর্দেশীয় চুক্তি বিষয়ে আন্তর্জাতিক আইন বিশেষজ্ঞদের মতামতও নিয়েছে কমিটি। ইকবাল হাসান মাহমুদ টুকু বলেন, অস্বাভাবিক শর্ত ও উচ্চমূল্যের কারণে এ চুক্তিটি এখন গলার কাঁটা হয়ে দাঁড়িয়েছে। বর্তমান সরকার এখন দুটি পথ বিবেচনা করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৪.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী হলেন সাইয়েদ বিন আবদুল্লাহ

প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (যুব কর্মসংস্থান) হিসেবে নিয়োগ পেয়েছেন সরকার মো. সাইয়েদ বিন আবদুল্লাহ। বৃহস্পতিবার (২ এপ্রিল) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, যোগদানের তারিখ থেকে তিনি প্রধানমন্ত্রীর মেয়াদকাল পর্যন্ত অথবা তার সন্তুষ্টি সাপেক্ষে চুক্তিভিত্তিক দায়িত্ব পালন করবেন। তাকে গ্রেড-২ পদমর্যাদায় নিয়োগ দেওয়া হয়েছে। নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা অন্য কোনো পেশা, ব্যবসা অথবা সরকারি, আধা-সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠনের সঙ্গে কোনো কর্ম সম্পর্ক বজায় রাখতে পারবেন না। এছাড়া, নিয়োগের অন্যান্য শর্তাবলি চুক্তিপত্রের মাধ্যমে নির্ধারণ করা হবে। জনস্বার্থে এই আদেশ জারি করা হয়েছে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৪.২০২৬ আসাদ)

## এপ্রিলে তীব্র তাপপ্রবাহের আভাস, তাপমাত্রা উঠতে পারে ৪২ ডিগ্রি

চলতি এপ্রিল মাসে দেশে ২-৪ টি মৃদু অথবা মাঝারি এবং ১-২টি তীব্র তাপপ্রবাহ বয়ে যেতে পারে। বৃহস্পতিবার আবহাওয়া অফিসের এপ্রিল মাসব্যাপী পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। এছাড়া, বঙ্গোপসাগরে ১-২টি লঘুচাপ সৃষ্টি হতে পারে, যার মধ্যে ১টি নিম্নচাপ/ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে। দেশে বিক্ষিপ্তভাবে শিলাসহ ৫-৭ দিন হালকা/মাঝারি এবং ১-৩ দিন তীব্র কালবৈশাখি ঝড়সহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৪.২০২৬ আসাদ)

## শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায় চ্যালেঞ্জ ব্রিটিশ আইনি সেবা প্রতিষ্ঠানের

মানবতাবিরোধী অপরাধের মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচার প্রক্রিয়া এবং মৃত্যুদণ্ডের রায়কে চ্যালেঞ্জ করেছে ব্রিটিশ আইনি সেবা প্রতিষ্ঠান কিংসলে ন্যাপলি এলএলপি। প্রতিষ্ঠানটি গত সোমবার (৩০ মার্চ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে (আইসিটির) পাঠানো এক ই-মেইলে এ চ্যালেঞ্জ জানায়। তারা বিচার কার্যক্রমটিকে বেআইনি এবং ন্যায়বিচারের পরিপন্থি হিসেবে আখ্যায়িত করে। আইসিটি বরাবর পাঠানো এ ই-মেইলে নির্দিষ্ট কাউকে সম্বোধন করা হয়নি। এমনকি স্বাক্ষরের স্থানেও কোনো আইনজীবী বা ব্যক্তির বদলে শুধু প্রতিষ্ঠানের নাম দেওয়া হয়েছে। এটি

পাঠিয়েছেন কিংসলে ন্যাপলির অংশীদার রেবেকা নিবলক। এ বিষয়ে চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম, প্রসিকিউশন কার্যালয় কিংবা ট্রাইব্যুনালের রেজিস্ট্রার কার্যালয়ের কেউই আনুষ্ঠানিকভাবে কিছু জানাননি। তবে স্বীকার করেছেন যে, তারা সাংবাদিকদের কাছ থেকে এ ব্যাপারে জানতে পেরেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজঃ০২.০৪.২০২৬ রিহাব)

## হাড্ডাহাড্ডি লড়াইয়ের আভাস বিএনপি-জামায়াতের

স্থগিত শেরপুর-৩ আসনে ভোটগ্রহণ ৯ এপ্রিল। নির্বাচনকে সামনে রেখে ভোটের মাঠ চষে বেড়াচ্ছেন প্রার্থীরা। ভোটারদের টানতে দিচ্ছেন নানান প্রতিশ্রুতি। আর ভোট সুষ্ঠু ও নিরপেক্ষ করতে প্রস্তুত নির্বাচন কমিশন। এদিকে, সারা দেশের মানুষের দৃষ্টি এখন শেরপুর-৩ আসনের দিকে। ১২ ফেব্রুয়ারি সারাদেশে ভোটগ্রহণ অনুষ্ঠিত হলেও, ৩ ফেব্রুয়ারি জামায়াত মনোনীত ও ১১ দল সমর্থিত প্রার্থী নুরুজ্জামান বাদলের অসুস্থতাজনিত কারণে মৃত্যুর ফলে আসনটিতে নির্বাচন স্থগিত করে কমিশন। পরে পুনঃতফশিল ঘোষণার মাধ্যমে যাচাই-বাছাই শেষে তিনজন প্রার্থী এখন মাঠে রয়েছেন। তারা হলেন- বিএনপি মনোনীত মাহমুদুল হক রুবেল, জামায়াত মনোনীত ও ১১ দল সমর্থিত মাসুদুর রহমান মাসুদ এবং বাংলাদেশ সমাজতান্ত্রিক দল (বাসদ) মার্কসবাদীর মিজানুর রহমান। সরেজমিনে ভোটারদের সঙ্গে কথা বলে জানা যায়, এবার নির্বাচনে মূল লড়াই হবে বিএনপি এবং জামায়াতের মধ্যে। কেউ কাউকে ছাড় দিচ্ছেন না। দিনরাত প্রার্থীদের প্রচারণায় সরগরম আসনটি। (জাগো নিউজ ওয়েব পেজঃ০২.০৪.২০২৬ রিহাব)

## সংসদ প্রাঙ্গণে `জঙ্গি এমপি, বলে কটাক্ষ, তদন্ত দাবি এমপি হানজালার

সংসদ প্রাঙ্গণে কেউ একজন পেছন থেকে `জঙ্গি এমপি, সম্বোধন করায় ক্ষোভ প্রকাশ করেছেন মাদারীপুর-১ আসনের সংসদ সদস্য সাইদ উদ্দিন আহমাদ হানজালা। সেই সঙ্গে তিনি সংসদে বিষয়টি তদন্ত করার দাবিও তোলেন। হানজালা বলেন, আল্লাহর নবীর সুন্নত এবং এই পোশাক কোনোদিন জঙ্গির সিম্বল হতে পারে না। বৃহস্পতিবার (২ এপ্রিল) বিকেলে, সংসদের প্রথম অধিবেশনের সপ্তম দিনে বিষয়টি তদন্তের দাবি জানানো হয়েছে স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রমের কাছে। হানজালা বলেন, আমি প্রথমবার সংসদে দাঁড়িয়ে কথা বলছি। এভাবে কথা বলতে চাইনি। আমি চেয়েছিলাম, যখন আমার সময় আসবে, তখন আনুষ্ঠানিকভাবে সুন্দর করে কথা বলবো। কিন্তু দুঃখের সঙ্গে বলছি, গত ৩০ মার্চ আপনার (স্পিকার) সহধর্মিণী মারা গেছেন। আল্লাহ ওনাকে জান্নাতের আলা মাকাম দান করুন, এই দোয়া করি। ওনার জানাজায় আমি এসেছিলাম, উপস্থিত হয়েছিলাম। তিনি বলেন, সংসদের দক্ষিণ প্লাজা দিয়ে যখন আমি ভেতরে ঢুকবো, কাছাকাছি পেছন থেকে কেউ একজন আমাকে সম্বোধন করছিল- ওই যে জঙ্গি এমপি যাচ্ছে। এই বিষয়ে সোশ্যাল মিডিয়ায় লেখালেখি এবং ভিডিও নিয়ে খুব আলোচনা চলছে। জাতীয় সংসদের একজন রানিং এমপিকে সংসদে যখন জঙ্গি বলে সম্বোধন করা হয়, এটার জন্য সংসদের মান ক্ষুণ্ন হয়েছে বলে আমি মনে করি। হানজালা বলেন, জঙ্গি বলার কারণটা আমি যতটুকু মনে করলাম, আমার মাথায় একটা পাগড়ি রয়েছে এবং আমার গায়ে সাদা পাঞ্জাবি রয়েছে। এই জন্য সে হয়ত আমাকে জঙ্গি বলে সম্বোধন করেছে। আল্লাহর নবীর সুন্নত এবং এই পোশাক কোনোদিন জঙ্গির সিম্বল হতে পারে না। আপনার কাছে অনুরোধ, সিসি ফুটেজ রয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রীকে একটু অনুরোধ করবেন বা তাদের একটু নির্দেশ দেবেন, কারা এই কাজটি করেছে। বিরোধী দলের সম্মান ক্ষুণ্ন করার জন্য এটা হয়েছে। ওখানে প্রশাসন দাঁড়িয়েছিল। এই জন্য সঠিক তদন্তের নির্দেশনা যদি আপনার মাধ্যমে আসতো, তাহলে বিষয়টি ক্লিয়ার হতো। (জাগো নিউজ ওয়েব পেজঃ০২.০৪.২০২৬ রিহাব)

# BBC

## IRAN WAR OBJECTIVES 'NEARING COMPLETION' IN ADDRESS TO NATION : TRUMP

President Donald Trump has told the nation in a televised speech that the US military has nearly completed its goals in the Iran war. He vowed to strike Iran "extremely hard" over the next two to three weeks and finish the job "very fast", without setting any timeline for ending the conflict. In his primetime address, Trump called for countries that receive oil through the Strait of Hormuz to show "courage" and seize the key waterway, which has been effectively closed by Iranian attacks since the conflict began. The president is grappling with rocketing gas prices and sliding personal popularity ratings as the war continues into its fifth week and US midterm elections loom in November. Wednesday night's speech did little immediately to reassure global oil markets that disruption to the Strait of Hormuz shipping route will ease anytime soon. (BBC Web page : 02.04.2026 Ali Ahmed)

## TRUMP LEAVES KEY QUESTIONS UNANSWERED AS HE SEEKS TO CALM NERVES OVER IRAN WAR

President Donald Trump's address from the White House on Wednesday evening was - despite some speculation beforehand - largely a rehash of what he has been saying for days about the Iran war. In a 20-minute primetime speech, he said the "core strategic objectives"

of the US-Israeli military operation were "nearing completion" after a month of war and projected it would last another two to three weeks. There were the usual threats against Iran, too, including a repeated pledge to bomb the country "back to the stone age". If you were to copy and paste his posts on Truth Social over the last week or so, you would not be far off this address to the nation. The president did attempt to persuade Americans of the merits of this war. There is good reason for that, as polls suggest a consistent majority of voters disapprove of the military operation he launched on 28 February. Trump urged Americans to see this war as an "investment" in their future, and suggested it was nothing compared to other conflicts over the past century or more in which the US has ended up being involved for far longer. (BBC Web page : 02.04.2026 Ali Ahmed)

**IRANIAN NOBEL LAUREATE SUFFERED SUSPECTED HEART ATTACK IN PRISON**

The brother of Iranian Nobel Peace Prize winner Narges Mohammadi says he fears her life is in imminent danger after she suffered a suspected heart attack in prison in north-western Iran. Hamidreza Mohammadi, who is based in Norway, told the BBC that the 53-year-old human rights activist was found unconscious in her bed by fellow inmates at Zanjan Prison last week. She was taken to the prison infirmary but officials refused to transfer her to a hospital despite her history of heart and lung problems, he said. She also suffers from severe blood pressure fluctuations. He demanded that she be released immediately for a thorough medical examination. He also warned that strikes and explosions near the prison since the start of the US-Israeli war with Iran a month ago had only added to her stress. "This war has had a terrible effect on prisoners in Iran. If the prison gets hit, if the prisoners need immediate medical attention, they will not get anything and their lives are in danger," he told the BBC's Newsday programme. (BBC Web page : 02.04.2026 Ali Ahmed)

**MAGNITUDE 7.4 EARTHQUAKE HITS OFF INDONESIA, KILLING ONE**

A 7.4-magnitude earthquake struck in the Molucca Sea off Indonesia's Ternate island early Thursday, killing at least one person. The quake, which struck at 06:48 local time (22:48 GMT) at a depth of 35km, sparked tsunami warnings which have since been withdrawn. A 70-year-old woman in North Sulawesi died after being crushed by building debris, and another person broke their leg after jumping off a building, Indonesia's national news agency Antara reported. While the region experiences high levels of seismic activity, some residents told the BBC this was one of the strongest earthquakes they have felt in at least the past six years. The Hawaii-based Pacific Tsunami Warning Center initially warned that tsunami waves less than 0.3m (1 ft) "were possible" along the coasts of Guam, Japan, Malaysia, Papua New Guinea, the Philippines and Taiwan. The tsunami alert was lifted after two hours. (BBC Web page : 02.04.2026 Ali Ahmed)

**MAN DIES IN STORM AS SAHARAN DUST SHROUDS CRETE**

A man has died near Athens as a storm hits parts of Greece with gale-force winds and flooding, while a Saharan dust storm enveloped the island of Crete. The man was found under a car in the Nea Makri rural area early on Thursday, according to the fire department. Storm Erminio has flooded streets, closed some schools and moored ferries. Meanwhile, some flights were disrupted on Crete on Wednesday after dust from an African storm filled the air, turning the sky red-orange. The weather is expected to be bad on Thursday in most areas of the country "with long-lasting and intense rains and storms and possibly with local hail", according to the national meteorological service.
(BBC Web page : 02.04.2026 Ali Ahmed)

**ELON MUSK'S SPACEX SET TO GO PUBLIC IN $1 TRILLION SHARE LISTING**

Elon Musk's SpaceX is poised to become one of the most valuable publicly traded companies in the world. The company, which manufactures rockets, space exploration technology and Starlink satellites, is currently privately held. But on Wednesday it made a confidential filing with the US Securities and Exchange Commission (SEC) for an initial public offering, which would allow shares to be traded in the stock market. The value of SpaceX once it goes public is expected to surpass $1tn (£751bn). That would make its eventual stock market debut one of the most financially significant in history. Musk's own holding in SpaceX would put the billionaire on track to become the world's first trillionaire. The BBC has contacted SpaceX for comment. The company is aiming to officially go public sometime in June, according to reports in Bloomberg, Reuters and the New York Times. A confidential IPO filing with the SEC allows a company to avoid immediately revealing

information to the public while it requests feedback from the regulator. The next step will be for company executives to hold "roadshows" - meetings with big investors to convince them to buy shares. By making shares of SpaceX available for purchase by the public, the company is looking to raise $50bn or more, according to the reports.
(BBC Web page : 02.04.2026 Ali Ahmed)

**US LIFTS SANCTIONS ON VENEZUELAN INTERIM LEADER DELCY RODRÍGUEZ**

The United States has lifted sanctions on Venezuela's interim president, Delcy Rodríguez. The move comes less than three months after US forces seized the country's previous leader, Nicolás Maduro, and his wife in a military raid in Caracas and took them to New York to face drug trafficking charges. Rodríguez, a close ally of Maduro who served as his vice-president, had been placed on the sanctions list in 2018, with the US accusing her of undermining democracy. She was sworn in as interim president by Venezuela's National Assembly, which is dominated by Maduro loyalists, days after the US raid and has been described by Trump as "a terrific person".(BBC Web page : 02.04.2026 Ali Ahmed)

**UK SAYS IRAN HOLDING WORLD ECONOMY 'HOSTAGE' WITH HORMUZ ATTACKS**

Iran has been able to "hijack an international shipping route to hold the global economy hostage", UK Foreign Secretary Yvette Cooper told a summit convened to address attacks in the Strait of Hormuz. Representatives from more than 40 countries attended the virtual talks on Thursday, which were billed as the beginning of efforts to assemble a coalition capable of ensuring security in the Gulf shipping channel. Iran has attacked several vessels in the Strait in response to the war waged against it by the US and Israel, disrupting energy exports and sending global fuel prices soaring. The summit would focus on diplomatic measures as opposed to military options, Cooper said at the beginning of the talks. The foreign secretary said: "We have seen Iran hijack an international shipping route to hold the global economy hostage. "This is hitting the trading routes for Kuwait, Bahrain, Qatar, the UAE, Saudi, Oman, Iraq, but that means liquid natural gas for Asia, fertiliser for Africa, and jet fuel for the world. "That Iranian recklessness towards countries who were never involved in this conflict, which we and 130 countries across the world have strongly condemned at the United Nations, is not just hitting mortgage rates and petrol prices and the cost of living here in the UK and in many different countries across the world, it is hitting our global economic security." On Wednesday, US President Donald Trump said it was for other nations to "build up some delayed courage" and reopen the route. (BBC Web page : 02.04.2026 Ali Ahmed)

## :: THE END ::